NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ

একদিন

Website : www.ekdinnews.com

http://youtub.com/@dailyekdin2165

Epaper : ekdin-epaper.com

শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৪ প্রাথমিক বিদ্যালয়ের দাবিতে রাস্তা অবরোধ, বিক্ষোভ পড়ুয়াদের

জোড়া হ্যাটট্রিক, খিদিরপুরকে দশ গোলের মালা পরাল ইস্টবেঙ্গল ৮

কলকাতা ২৭ সেপ্টেম্বর ২০২৩ ৯ আশ্বিন ১৪৩০ বুধবার সপ্তদশ বর্ষ ১০৮ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata, 27.9.2023, Vol.17, Issue No. 108, 8 Pages, Price 3.00

এশিয়ান গেমসে এবার সোনা কলকাতার ছেলে অনুশের

নিজস্ব প্রতিবেদন: ছোটো থেকেই ছিল ঘোড়ার সঙ্গে প্রেম। সেই ঘোড়াই অনুশকে সোনা এনে দিল এশিয়ান গেমসে। 'ইকুয়েস্ট্রিয়ান ড্রেসেজ' ইভেন্টে সোনা জিতেছেন অনুশ। বাংলার আরও এক জন উঠেছেন এশিয়ান গেমসের পোডিয়ামে। অল্পের জন্য টোকিয়ো অলিম্পিক্সে যেতে পারেননি অনুশ। এ বার তাঁর লক্ষ্য প্যারিস অলিম্পিক্স। বিশ্বমঞ্চে ভারতকে গর্বিত করতে চান অনুশ।

বালিগঞ্জের ছেলের শুরুটা কলকাতায় হলেও তার পরে প্রথমে দিল্লি ও তার পর জার্মানিতে গিয়ে অনুশীলন করেছেন অনুশ। দলগত বিভাগে অনুশের সঙ্গে ছিলেন সুদীপ্তি হাজেলা, দিব্যাকৃতি সিং ও হৃদয় ছেড়া। চার জনের এই দলের হাত ধরে ৪১ বছর পর এশিয়ান গেমসে ইকুয়েস্ট্রিয়ানে সোনা জিতেছে ভারত। এশিয়ান গেমসের আগে অনুশ সংবাদমাধ্যমে বলেছিলেন, 'এশিয়ান গেমসে খেলা আমার কাছে স্বপ্ন। দলের বাকিরাও খুব ভাল। তিন দিন ধরে প্রতিযোগিতা চলবে। আশা করছি ভাল খেলব।' নিজেদের কথা রেখেছেন অনুশেরা।

দাদা সাহেব ফালকে পাচ্ছেন ওয়াহেদা রহমান

মুম্বই, ২৬ সেপ্টেম্বর: বলিউড, তথা দেশের কিংবদন্তি অভিনেত্রী ওয়াহেদা রহমান পাচ্ছেন দাদা সাহেব ফালকে পুরস্কার। মঙ্গলবার দেশের তথ্য এবং সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর এমনটাই ঘোষণা করেন। মঙ্গলবার এক্স-এ পোস্ট করে দেশের তথ্য এবং সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর লেখেন, 'খুব আনন্দের সঙ্গে জানাচ্ছি, ভারতীয় সিনেমায় তাঁর অনবদ্য অবদানের জন্য এ বছর দাদা সাহেব ফালকে লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড পাচ্ছেন অভিনেত্রী ওয়াহেদা রহমানজি। 'গাইড', 'পেয়াসা', 'কাগজ কে ফুল', 'চৌদভি কা চাঁদ', 'সাহেব বিবি অউর গুলাম', 'খামোশি'র মতো ছবিতে অভিনয় করে তিনি নিজের স্বাক্ষর রেখে গিয়েছেন কাজের। ৫ দশক ধরে অভিনয় করছেন তিনি। 'রেশমা' এবং 'শেরা' ছবির জন্য জাতীয় পুরস্কারও পেয়েছেন।' এর আগে ভারত সরকার তাঁকে ভূষিত করেছে পদ্মশ্রী এবং পদ্মভূষণ সম্মানে। সিনেমায় অবদানের জন্য দেশের সর্বোচ্চ সম্মান দাদা সাহেব ফালকে দেওয়া হয় কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। এবার সেই সম্মানেই সম্মানিত হতে চলেছেন ৮৫ বছর বয়সি ওয়াহেদা।

মুখ্যমন্ত্রীর স্পেন ও দুবাই সফরে বাংলার প্রাপ্তির ঝুলি খুলল নবান্ন

নিজস্ব প্রতিবেদন: কলকাতা বইমেলার থিম কান্ট্রির ধাঁচে এবার রাজ্যের বাণিজ্য সম্মেলনে এবারই প্রথম থাকছে পার্টনার কান্ট্রি। নভেম্বরে রাজ্যে বসছে বিশ্ববঙ্গ বাণিজ্য শিল্প সম্মেলনের আসর । আর সেই সম্মেলনে রাজ্যের পার্টনার কান্টির হচ্ছে স্পেন। ইউরোপের যে দেশে সদ্য সফরে গিয়ে শিল্প থেকে ফুটবল-একাধিক বিনিয়োগ সম্ভাবনা আর পারস্পরিক আদান প্রদানের দরজা খুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর সফরের প্রাপ্তি পর্যালোচনা ও তাকে এগিয়ে নিয়ে যাওয়া নিয়ে আলোচনা করতে মঙ্গলবার নবান্নে সচিবগোষ্ঠীর বৈঠক হয়। সেই বৈঠক শেষে মুখ্যমন্ত্রীর সফরের বিস্তারিত তথ্য দেন মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী এবং শিল্পসচিব বন্দনা যাদব। মুখ্যসচিব জানান, এবারের বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে স্পেন, বার্সেলোনা ও দুবাই থেকে প্রতিনিধি দল আসবে। এই প্রথম সম্মেলনে রাজ্যের পার্টনার স্টেট হিসাবে থাকছে স্পেন।

মুখ্যমন্ত্রীর সফরের প্রাপ্তি প্রসঙ্গে

প্রশ্ন করা হলে মুখ্যসচিব জানান, স্পেন, বার্সালোনা এবং দুবাই সফরে শিল্প থেকে ভাষাশিক্ষা পর্যটন থেকে ফুটবল নানা ক্ষেত্রে ওই সব দেশের অংশ গ্রহণের দরজা খুলে গিয়েছে। বাণিজ্য সম্মেলনকে সামনে রেখে সেই প্রস্তাব ও সম্ভাবনাকে বাস্তবায়নের দিকে এগিয়ে নিয়ে যাওয়া হবে।

রাজ্যের শিল্প সচিব বন্দনা যাদব জানিয়েছেন, বাংলার মতো স্পেনও ছোট ও মাজারি শিল্পক্ষেত্রে অগ্রগামী। তাই সেখানের শিল্প বৈঠকে মূলত ছোট, মাঝারি ও কুটির শিল্পের উপর জোর দেওয়া হয়েছে। এছাড়া ফুটবলের উন্নয়নে লা লিগা কর্তৃপক্ষের সঙ্গে মউ স্বাক্ষর করা হয়েছে। তাঁরা ফুটবলার ও কোচেদের প্রশিক্ষণ দেবে। যাদবপুরের কিশোর ভারতী স্টেডিয়াম লা লিগাকে দেওয়া হবে অ্যাকাডেমি করার জন্য। বিশেষ করে নজর দেওয়া হবে মহিলা ফুটবলার তৈরির দিকে। শিল্প সচিব আরও জানান, স্পেনের চারটি প্রথম সারির বণিকসভার সঙ্গে বৈঠক হয়েছে। স্পেনীয় ভাষা শিক্ষার বিষয়ে কথা হয়েছে। নির্দিষ্ট কোনও বিশ্ববিদ্যালয় বা সেন্টার চিহ্নিতকরণ করে সেখানে স্পেনীয় ভাষা শিক্ষার ব্যবস্থা করা হবে। এমনকী ফ্যাকাল্টি ট্রেনিংয়ের ব্যবস্থাও করা হবে। স্পেনের বিখ্যাত বস্ত্র কোম্পানীর সঙ্গে বৈঠক হয়েছে।

দুবাই সফর প্রসঙ্গে মুখ্যসচিব জানান, 'দুবাইয়ের বিখ্যাত লুলু গ্রুপ আমাদের এখানে মল তৈরি করবে। পাশাপাশি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে বিনিয়োগ করার জন্য ইচ্ছা প্রকাশ করেছে। আমাদের এখানে কোথায় জমি দেওয়া যায়, সেটা আমরা খতিয়ে দেখছি। লুলু গ্রুপ খুব শীঘ্রই ওদের একটা প্রতিনিধি দল রাজ্যে পাঠাবে।' মুখ্যসচিব জানান, 'আমিরশাহীর মন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রীর বৈঠক হয়েছে। এরাজ্যে বিনিয়োগের বিষয়ে ইচ্ছা প্রকাশ করেছেন তিনি। রাজ্যে প্রতিনিধিদল পাঠাবে তারা।'

দিল্লি যাচ্ছে বাংলার প্রতি বঞ্চনা নিয়ে ৫০ লক্ষ চিঠি

নিজস্ব প্রতিবেদন: বাংলার প্রতি বঞ্চনার অভিযোগে দিল্লিতে গিয়ে আন্দোলনের যে ডাক দেওয়া হয়েছে তার প্রস্তুতি চলছে জোড়াপুল শিবিরে। তৃণমূলের শীর্ষ নেতারা। মঙ্গলবার দলের তরফে এক্স হ্যান্ডলে এ বিষয়ে জানিয়েছেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আওয়াজ উঠছে , 'দিল্লিতে পৌঁছবে বাংলার গর্জন হকের টাকা ফেরত চাই এখনই!' ইতিমধ্যে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ৫০ লক্ষ চিঠি সংগ্রহের কাজ শুরু হল। চিঠির দাবি একটাই, ১০০ দিনের কাজের বকেয়া টাকা মিটিয়ে দেওয়া হোক। সেই চিঠি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পঞ্চায়েত গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিংয়ের কাছে জমা দেওয়া হবে।

বাংলায় একশো দিনের কাজের বকেয়া টাকা এবং আবাস যোজনার কাজের টাকা মিলিয়ে মোট ১৫ হাজার কোটি টাকা আটকে রয়েছে বলে অভিযোগ তৃণমূলের। তৃণমূল থেকে বার বার অভিযোগ তোলা হয়েছে, এই টাকা আটকে থাকার জন্য বাংলার গরিব মানুষ সমস্যায় পড়ছেন। এবার সেই ভুক্তভোগী মানুষদের চিঠি দিল্লিতে নিয়ে যেতে চলছে তৃণমূল। 'বঞ্চনা'র কথা জানিয়ে এবার প্রধানমন্ত্রীকে চিঠি লিখছেন একশো দিনের কাজের সঙ্গে যুক্ত মানুষজনরা। ইতিমধ্যেই বিভিন্ন

জেলা থেকে সেই সব চিঠি এসে জমা হয়েছে ক্যামাক স্ট্রিটে তৃণমূলের সেকেন্ড-ইন-কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অফিসে। অভিষেকের অফিসের সামনে যে বিপুল সংখ্যক চিঠি এসে জমা হচ্ছে মঙ্গলবার সেই ছবি এক্স হ্যান্ডেলে শেয়ার করেছে তৃণমূল কংগ্রেস। লেখা হয়েছে, 'অবিচারের বিরুদ্ধে মুখ খুলছেন বাংলার আমজনতা।' অভিষেক বন্দ্যোপাধ্যায়ও লিখছেন, 'কেন্দ্রীয় সরকারের অবিচারের বিরুদ্ধে জোট বাঁধছে বাংলার মানুষ।'

এই বিপুল সংখ্যক চিঠি নিয়ে দিল্লিতে যাবে তৃণমূল নেতৃত্ব। গান্ধি জয়ন্তীতে রাজধানীর বুকে আরও বৃহত্তর আন্দোলন গড়ে তুলতে চাইছে তৃণমূল। গত ২১ জুলাইয়ের শহিদ দিবসের মঞ্চ থেকেই আগামী ২ ও ৩ অক্টোবর 'দিল্লি চলো'র ডাক দিয়েছে তৃণমূলের নেতৃত্ব। এখনও পর্যন্ত যা খবর, ১ অক্টোবরই রাজধানীতে পৌঁছে যাবেন তৃণমূলের বিধায়ক ও সাংসদরা। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগে অবস্থান বিক্ষোভ চালাবে ঘাসফুল শিবির। ফলে বাংলার বঞ্চনা নিয়ে আরও চড়বে আন্দোলনের সুর। এদিকে বিজেপির রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য আজও রাজ্যকে খোঁচা দিয়েছেন টাকা সঠিকভাবে ব্যবহার না করার ইস্যুতে। বলছেন, 'রাজ্য চাইছে বরাদ্দের টাকা নিজের ইচ্ছামতো খাতে ব্যবহার করতে। সেটা সম্ভব নয়।' তাঁর আরও বক্তব্য, 'আমরাও চাই গরিবের টাকা দেওয়া উচিত। আর এখন যখন জাতীয় রাজনীতিতে জোট হয়ে গিয়েছে। একশো দিনের কাজের ব্যাপার নিয়ে সেলিম-মমতা সবাই মিলে গিরিরাজ সিংয়ের কাছে যান।'

দুই সপ্তাহের মধ্যেই নিয়ন্ত্রণে আসবে ডেঙ্গুর দাপট: মুখ্যসচিব

নিজস্ব প্রতিবেদন: রাজ্যে ডেঙ্গুর প্রকোপ কমতে শুরু করেছে। আগামী সপ্তাহ দুয়েকের মধ্যেই পরিস্থিতি পুরোপুরি নিয়ন্ত্রণে চলে আসবে বলে মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী জানিয়েছেন। নবান্নে এদিন সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, দু-সপ্তাহ আগে রাজ্যে ডেঙ্গু সংক্রমণ শীর্ষে উঠেছিল। কিন্তু তা ধীরে ধীরে কমতে শুরু করেছে। বর্তমানে রাজ্যে ২০০০ এর মত মানুষ ডেঙ্গু আক্রান্ত। আগামী দিনে তা আরো কমবে। কাজেই আতঙ্কের কোনও কারণ নেই। মানুষকে সতর্ক থাকার এবং জ্বর হলেই রক্ত পরীক্ষা করার তিনি পরামর্শ দিয়েছেন।

মুখ্যসচিব জানিয়েছেন, এবার আধাশহর এলাকা গুলিতে সব থেকে বেশি ডেঙ্গু সংক্রমণ ছড়িয়েছে। এরকম ১৩০টির মতো এলাকাকে চিহ্নিত করে বিশেষ নজরদারি চালানোর ব্যবস্থা করা হয়েছে। আবর্জনা ও জমা জল সাফাইয়ের পাশাপাশি মানুষের সচেতনতা বৃদ্ধির কাজ করা হচ্ছে। ইতিমধ্যেই ডেঙ্গু

শহরে ফের মৃত এক

দমনের সঙ্গে তো কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। গরিব ও বস্তিবাসীদের মধ্যে মঙ্গলবার থেকে ১ লক্ষ মেডিকেটেড মশারি-সহ পাঁচ লক্ষ মশারি বিলি করা শুরু হয়েছে। এদিকে ডেঙ্গুতে রাজ্যে মৃত্যু হয়েছে আরও একজনের। মৃতার নাম, প্রিয়া রায়। তিনি দক্ষিণ কলকাতার বাসিন্দা ছিলেন। সোমবার রাতে এম আর বাঙুরে ভর্তি হয়েছিলেন তিনি। মঙ্গলবার সেখানে তাঁর মৃত্যু হয়।

কয়েকদিন আগেই প্রবল জ্বরে আক্রান্ত হন প্রিয়াদেবী। পরীক্ষা করাতেই তাঁর ডেঙ্গু ধরা পড়ে। বাড়িতে চিকিৎসা চলছিল। প্রথমে রক্তের প্লেটলেট ঠিকই ছিল। পরে শারীরিক অবস্থার অবনতি হয়। সোমবার তাঁকে এম আর বাঙুরে ভর্তি করা হয়। তাঁর শরীরে ডেঙ্গু শক সিনড্রোম ছিল। বেশ কয়েকটি অঙ্গ প্রত্যঙ্গ বিকল হয়ে গিয়েছিল। আইসিইউতে ভর্তি করে চিকিৎসা শুরু হয়। এদিন চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

তবে ডেঙ্গি নিয়ে তৎপর রয়েছে রাজ্য সরকরা। সোমবারই এই বিষয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক করা হয় নবান্নে। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব। জনগণকে সচেতন করতে ইতিমধ্যে পূর্ণাঙ্গ গাইডলাইনও দিয়েছে রাজ্য সরকার। সেখানে ডেঙ্গুর উপসর্গ নিয়েও সচেতন করা হয়েছে।

মুখ্যমন্ত্রীকে চিঠি রাজ্যপালের

নিজস্ব প্রতিবেদন: নতুন নাটক রাজ্যপালের। এবার ধূপগুড়ির নবনির্বাচিত বিধায়ককে রাজভবনে ডেকে শপথ বাক্য পাঠ করানোর ইচ্ছা প্রকাশ করে মুখ্যমন্ত্রীকে চিঠি দিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এরপরই পাল্টা চিঠিতে রাজ্যপালকে বিধানসভায় আসার অনুরোধ জানালেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, মুখ্যমন্ত্রীকে দেওয়া চিঠিতে রাজ্যপাল দাবি করেছেন, নির্মলচন্দ্র রায় তপসিলি জাতির একজন প্রতিনিধি, তাই তাঁকে রাজভবনে শপথবাক্য পাঠ করালে রাজভবনের গরিমা বাড়বে। রাজ্যপালের দাবি, এই শপথ গ্রহণ বার্তা দেবে যে রাজভবন সবার জন্য খোলা। মুখ্যমন্ত্রী সেই চিঠির প্রতিলিপি স্পিকারকে পাঠিয়েছেন বলে সূত্রের খবর। এরপরই রাজভবনে একটি পাল্টা চিঠি পাঠান বিমান বন্দ্যোপাধ্যায়।

বিস্তারিত শহরের পাতায়

নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে হাওড়ায় চলল সিবিআই তল্লাশি

নিজস্ব প্রতিবেদন: রাজ্যে নিয়োগ দুর্নীতি মামলায় এবার হাওড়াতে তল্লাশি অভিযান চালালো কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই। মঙ্গলবার সকাল থেকে নিঃশব্দে হাওড়ার দাসনগর এলাকার আলামোহন দাস রোডের একটি বাড়িতে তল্লাশি অভিযান চালায় সিবিআই। ৮ জনের একটি দল ওই বাড়িতে ঢুকে তল্লাশি শুরু করে। মূলত ওএমআর শিট মূল্যায়নকারী সংস্থা এস বসুরায় অ্যান্ড কোম্পানির বিভিন্ন ঠিকানায় তল্লাশি চলে বলেই সিবিআই সূত্রে খবর। ওই কোম্পানির দুই আধিকারিক কৌশিক মাঝি ও পার্থ সেনের বাড়িতে সিবিআই তল্লাশি চালায়। এর মধ্যে সম্প্রতি এই দুই আধিকারিককে সিবিআইয়ের আধিকারিকরা কলকাতার সিবিআই দপ্তর নিজাম প্যালেসের তলব করেছিলেন। বিভিন্ন সূত্র থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে মঙ্গলবার সকাল এই দুই আধিকারিকের বাড়ি তল্লাশি শুরু করে সিবিআই। সিবিআই তল্লাশির খবর এলাকাতে চাউর হতেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা এলাকাতে। যদিও গাড়ি থেকে নেমে সোজা ওই বাড়িতে ঢুকে যান দলের সদস্যরা। কারোর সঙ্গে কোনো কথা না বলে সোজা ওই বাড়িতে পৌঁছে নিজেদের পরিচয় পত্র দেখিয়ে তল্লাশির কাজ শুরু করেন আধিকারিকরা। সূত্রের খবর প্রাথমিক শিক্ষা পর্ষদের ওএমআর শিট মূল্যায়ন করার কাজ কর মাধ্যমে তারা। পেয়েছিলেন, এছাড়াও মানিক ভট্টাচার্য-সহ অন্য কার কার সঙ্গে কতবার তারা বৈঠক করেছিলেন। পাশাপাশি ওএমআর শিট মূল্যায়নে তাদেরকে বিশেষ নির্দেশ কেউ দিত কিনা তাও জানতে চাওয়া হচ্ছে বলেই জানা যাচ্ছে। যদিও নির্দিষ্ট কোন তথ্যের জন্য এই তল্লাশি সেই বিষয়ে এখনো কোনো মন্তব্য করা হয়নি সিবিআইয়ের পক্ষ থেকে। যদিও অনুমান করা হচ্ছে ওএমআর শিট সংক্রান্ত জালিয়াতির বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ নথির খোঁজেই এই বিশেষ তল্লাশি অভিযান চালাচ্ছে সিবিআই।

এছাড়াও শেষ পাওয়া খবর অনুযায়ী সাঁতরাগাছী থানা এলাকার বাঁকসাড়া এলাকার আরেকটি ঠিকানাতেও হানা দেয় সিবিআইয়ের আধিকারিকরা। সেখানেও তল্লাশি চালানো হচ্ছে বলেই সূত্রের খবর।

মণিপুরে আবার বন্ধ ইন্টারনেট পরিষেবা



ইম্ফল, ২৬ সেপ্টেম্বর: গোষ্ঠীহিংসা দীর্ণ মণিপুরে আবার বন্ধ হয়ে গেল ইন্টারনেট পরিষেবা। গত শনিবার সে রাজ্যের স্বরাষ্ট্রসচিব টি রঞ্জিত সিং এক নির্দেশিকায় জানিয়েছিলেন, 'আপৎকালীন পরিস্থিতি এবং জননিরাপত্তা আইন' মেনে সাময়িক ভাবে ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখার প্রস্তাবে অনুমোদন মিলেছে। মঙ্গলবার থেকে আনুষ্ঠানিক ভাবে কার্যকর হল ইন্টারনেট পরিষেবা স্তব্ধ রাখার সেই সিদ্ধান্ত। নির্দেশিকায় বলা হয়েছে, মণিপুরে মোবাইল ইন্টারনেট ডেটা পরিষেবার উপর সাময়িক বিধিনিষেধ পরবর্তী পাঁচ দিন চলবে। আগামী ১ অক্টোবর সন্ধ্যা ৭টা ৪৫ মিনিট পর্যন্ত বহাল থাকবে নিষেধাজ্ঞা। তার পর বিষয়টি পর্যালোচনা করে পরবর্তী সিদ্ধান্ত ঘোষণা করা হবে। সম্প্রতি মণিপুরে নিখোঁজ দুই স্কুলপড়ুয়ার খুনের দৃশ্য ইন্টারনেটে ছড়িয়ে পড়ে (একদিন এই ভিডিওর সত্যতা যাচাই করেনি)। তারই ভিত্তিতে এই পদক্ষেপ বলে সরকারি সূত্রের খবর। প্রায় দু'মাস বন্ধ থাকার পরে গত ২৫ জুলাই গোষ্ঠীহিংসা দীর্ণ মণিপুরে আংশিক ভাবে ফিরেছিল ইন্টারনেট পরিষেবা। প্রাথমিক ভাবে যাঁদের স্থায়ী ব্রডব্যান্ড সংযোগ রয়েছে, তাঁদেরই কেবল ইন্টারনেট ব্যবহারের সুযোগ দেওয়া হয়েছিল। কিন্তু কয়েকটি এলাকায় নতুন করে উত্তেজনা ছড়ানোর গুজব ছড়িয়ে পড়া ঠেকাতেই নতুন করে নিষেধাজ্ঞা বলবৎ হল বলে মনে করা হচ্ছে।

দক্ষিণবঙ্গের এখনই মুক্তি নেই দুর্যোগ থেকে

নিজস্ব প্রতিবেদন: আপাতত বৃষ্টির দাপট কমলেও এখনই মুক্তির উপায় নেই দুর্যোগ থেকে, এমনটাই জানানো হল আলিপুর আবহাওয়া দপ্তর থেকে। সঙ্গে এও জানানো হয়েছে, পুজোর আগে আবারও রাজ্যের বেশ কয়েকটি অংশ ভাসতে চলেছে। এর থেকে স্পষ্ট মাটি হতে চলেছে পুজোর বাজার। আলিপুর আবহাওয়া দপ্তরের তরফ থেকে জানানো হয়েছে, বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্ত আরও ঘণীভূত হবে।

এদিকে উত্তর বঙ্গোপসাগর ও মধ্য বঙ্গোপসাগর সংলগ্ন এলাকায় ঘূর্ণাবর্ত তৈরি হবে। এই ঘূর্ণাবর্ত ক্রমশ শক্তি বাড়িয়ে পশ্চিমবঙ্গ উত্তর-পশ্চিম দিকে এগোবে। আর এই ঘূর্ণাবর্তের প্রভাবে বৃষ্টি বাড়বে দক্ষিণবঙ্গে। সঙ্গে আলিপুর আবহাওয়া দপ্তরের তরফ থেকে এও জানানো হয়েছে, উইকএন্ডে ফের বৃষ্টির আশঙ্কা রয়েছে। শুক্রবার থেকে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা তৈরি হবে রাজ্যে। বৃষ্টি বাড়বে শনি ও রবিবার। উপকূলের জেলাগুলিতেও থাকবে ভারী বৃষ্টির সম্ভাবনা। তবে আগামী চার পাঁচ দিন উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা কম। আগামী ২৪ ঘণ্টায় দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি-এই পাঁচ জেলায় হালকা বৃষ্টির সামান্য সম্ভাবনা।

শনিবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা কম উত্তরবঙ্গের জেলাগুলিতে। সঙ্গে এও জানানো হয়েছে, আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। তবে

বুধবার তাপমাত্রা আরও একটু বাড়বে, বাড়বে আর্দ্রতা জনিত অস্বস্তি। কারণ, এদিকে উত্তরপ্রদেশে একটি ঘূর্ণাবর্ত রয়েছে। এই ঘূর্ণাবর্ত থেকে অসম পর্যন্ত একটি অক্ষরেখা বিস্তৃত রয়েছে। যেটি বিহার ও বাংলার উপর দিয়ে বিস্তৃত। আরও একটি ঘূর্ণাবর্ত রয়েছে ছত্তিশগড়ে। সেই ঘূর্ণাবর্ত থেকে পশ্চিমের কোঙ্কন পর্যন্ত এবং তেলঙ্গনা পর্যন্ত দু'টি অক্ষরেখা বিস্তৃত রয়েছে। এর ফলে দক্ষিণবঙ্গে আংশিক মেঘলা আকাশ থাকলেও তাপমাত্রা ক্রমশ বাড়বে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। শুক্রবারের মধ্যে দুই থেকে তিন ডিগ্রি তাপমাত্রা বাড়তে পারে। শুক্রবার থেকে আবহাওয়ার পরিবর্তন দক্ষিণবঙ্গে। উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কমবে, বাড়বে তাপমাত্রা। পার্বত্য এলাকার উপরের পাঁচ জেলায় হালকা বৃষ্টি চলবে। মালদা ও দুই দিনাজপুরে বাড়বে তাপমাত্রা ও আর্দ্রতাজনিত অস্বস্তি।

শুক্রবার উত্তর আন্দামান সাগর এবং সংশ্লিষ্ট পূর্ব মধ্য বঙ্গোপসাগরে যে ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা তা উত্তর বঙ্গোপসাগরে শক্তি বাড়াতে পারে। সেই কারণে বুধবার থেকে শুক্রবার পর্যন্ত আন্দামান সাগর এলাকায় মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। শনিবার আবহাওয়ার পরিবর্তন। শনিবার থেকে বৃষ্টি বাড়বে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। উইকেন্ডে শরীর ও রবিবার বৃষ্টির সম্ভাবনা দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই। উপকূলের জেলাগুলিতে বৃষ্টির সঙ্গে হালকা ঝোড়ো হাওয়ার সম্ভাবনা।

এদিকে বর্ষা বিদায় পর্ব শুরু হয়েছে ভারতের দক্ষিণ-পশ্চিম রাজস্থান থেকে। আবহাওয়া দপ্তর সূত্রে খবর, দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু বিদায় রেখা, নোখরা যোধপুর পর্যন্ত বিস্তৃত।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

গত ২০/০৯/২৩ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৩৬ নং এফিডেভিট বলে আমি Jiyaul Haque ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Mojammel Mallik ও M. Haque সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

নাম-পদবী

গত ২২/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৭৩৯ নং এফিডেভিট বলে Anjan Kumar Sarkar S/o. Anil Kumar Sarkar ও Anjan Sarkar S/o. A. Kr. Sarkar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২২/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৭৩৮ নং এফিডেভিট বলে Suryadev Bakshi S/o. Sachin Bakshi ও Suryadeb Bakshi S/o. S. Bakshi সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২০/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৫৮০ নং এফিডেভিট বলে Md. Jalaluddin S/o. Abdus Shukur ও Abdus Jalauddin S/o. A. Sarkar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

আজকের দিনটি কেমন যাবে?

আজ ২৭ শে সেপ্টেম্বর। ৯ই শে আশ্বিন। বুধবার। ত্রয়োদশী তিথী। জন্মে কুম্ভ রাশি। অষ্টত্তরি রাহূর মহাদশা বিংশত্তরি মঙ্গল র মহাদশা। মৃতে দোষ নেই।

মেষ রাশি : আজ বুধবার ব্যবসা বাণিজ্যে নতুন গতির সম্ভাবনা। অর্থপ্রাপ্তির সম্ভাবনা। জমি বাড়ি বাস্ত র বিষয়ে শুভ চিন্তা। শুভ যোগাযোগ হবে। প্রবীণ নাগরিকের বুদ্ধির দ্বারা সমস্যার জট খুলবে। এক নারীর বুদ্ধির দ্বারা অর্থপ্রাপ্তি সম্ভব। পরিবারের কনিষ্ঠ সদস্য দ্বারা সম্মান প্রাপ্তি। যারা এনজিও তে কাজ করেন, তাদের সম্মান প্রাপ্তির দিন। লৌহ কেমিক্যাল মেকানিক্যাল ইলেকট্রনিক্স এর কাজ যারা করেন, তাদের ব্যবসা বৃদ্ধির সম্ভাবনা। বাড়ির গৃহ মন্দিরে পাঁচটি প্রদীপ জ্বালুন, রুদ্রাক্ষ দ্বারা শিবের পূজা করুন বিপদ নাশ হবে।

বৃষ রাশি : আজ বুধবার সতর্ক থাকতে হবে। পরিবারে গোপন শত্রুর ষড়যন্ত্র থাকবে। প্রতিবেশীর দ্বারা সম্মানহানি যোগ। কর্মস্থানে নানা বিবাদ বিসংবাদ থাকবে। প্রবীণ নাগরিকের অসুস্থতার কারণে মানসিক দুশ্চিন্তা বৃদ্ধি হবে। ব্যবসায় নতুন লগ্নি করা ঠিক হবে না। যারা প্রাইভেট টিউশন করেন, তাদের আজকের দিনটি বিশেষভাবে সতর্ক থাকা উচিত। বাড়ির গৃহ মন্দিরে পাঁচটি প্রদীপ জ্বেলে, নারকেল ভোগ প্রদান করুন নিশ্চিত শুভ ফলপ্রাপ্ত হবে।

মিথুন রাশি : আজ নতুন একটি যোগাযোগের দ্বারা ব্যবসা-বাণিজ্যে শুভ ফল পাবেন। বাড়ি জমি বাস্তু বিষয় শুভ হবে। সন্তানের কারণে সম্মান প্রাপ্তির দিন। পরিবারের শান্তির বাতাবরণ। গৃহবধূদের দুশ্চিন্তা নাশ হবে। শত্রুর চক্রান্ত নাশ হবে। আইনি মামলা আজ আপনার পক্ষে যাবে। পুরাতন হারিয়ে যাওয়া কিছু প্রাপ্তির সম্ভাবনা ।বাড়ির গৃহ মন্দিরে সাতটি প্রদীপ জ্বালুন। ভগবান শংকরের উদ্দেশ্যে, রুদ্রাক্ষ দ্বারা পূজা করুন বিপদ নাশ হবে।

কর্কট রাশি : আজ গ্রহ পরিস্থিতি আপনার পক্ষে থাকবে। বিদ্যার্থীদের সুযোগ বৃদ্ধি হবে। কর্মের আবেদন যারা করেছেন তাদের শুভ সম্পর্ক তৈরি হবে। প্রাইভেট লিমিটেড কোম্পানিতে যারা কাজ করেন তাদের সম্মান প্রাপ্তির দিন। অর্থপ্রাপ্তির দিন। পুরাতন কলহ বিবাদ মিটে যাবে। এক পুরাতন বান্ধবী দ্বারা পুনরায় শুভ সম্পর্ক তৈরি হবে। সতর্ক থাকুন লিভার পেট গলব্লাডার বিষয়। বাড়ির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ প্রজ্জলন করে, সাদা মিছরি দ্বারা বাবা বিশ্বনাথের ভোগ প্রদান করুন শুভ হবে।

সিংহ রাশি : আজ বুধবার গ্রহ পরিস্থিতি শুভ। ব্যবসা-বাণিজ্যে লগ্নী করতে পারবেন। নতুন এক সম্পর্ক দ্বারা বাণিজ্যে অগ্রগতি। আর্থিক লাভ হবে। প্রশাসনিক কর্মে যারা আছেন তাদের সম্মান বৃদ্ধি যোগ। গুপ্ত শত্রুর ষড়যন্ত্র নাশ হবে। সতর্ক থাকুন ছলনাময়ী নারী থেকে। বাড়ির গৃহ মন্দিরে তিনটি প্রদীপ জ্বালুন ভগবান শঙ্করের উদ্দেশ্যে। ঘি প্রদান করুন নিশ্চিত শুভ হবে।

কন্যা রাশি : আজ ২৭ তারিখ গ্রহ-পরিস্থিতি বলছে সকাল থেকে তর্ক বিবাদের দ্বারা পরিবারে অশান্তির কালো মেঘ। সতর্ক থাকুন। ব্যবসায় নতুন লগ্নি না করা শুভ। আজ নানা ক্ষেত্রে জটিলতা বাড়বে গুপ্ত শত্রুর ষড়যন্ত্র থাকবে গুপ্ত কথা প্রকাশে আসার সম্ভাবনাময় দিন সতর্ক থাকতে হবে। পরিবারের গৃহ মন্দিরে তিনটি প্রদীপ প্রজ্বলন করুন। ভগবান গনেশের নাম করুন শুভ হবে।

তুলা রাশি : আজ ২৭ সেপ্টেম্বর ব্যবসা-বাণিজ্যের নতুন গতির সম্ভাবনামায় দিন। পরিবারের প্রবীণ নাগরিকের যে শারীরিক অসুস্থতা ছিল, আজ সুস্থতার দিকে থাকবে। গ্রহ পরিস্থিতি আপনার দিকে আছে। বিচ্ছেদের যে মামলা কোর্টে উঠেছিল তা আপনার পক্ষে রায় দেবে। গুপ্ত শত্রু র ষড়যন্ত্র থাকলেও ক্ষতির সম্ভাবনামায় দিন নয়। হর হর মহাদেব বলুন এগিয়ে চলুন।

বৃশ্চিক রাশি : আজ বুধবার শুভ দিন। সতর্ক থাকতে হবে ছলনাময়ী নারীর দ্বারা কোন ক্ষতির সম্ভাবনা। যারা সবুজ শাকসবজির ব্যবসা করেন। তাদের অর্থ প্রাপ্তির দিন চামড়া জাতীয় দ্রব্যের ব্যবসা যারা করেন বা রিপ্রেসেন্টেটিভ যারা তাদেরও অর্থ প্রাপ্তি এবং ঐশ্বরিক কৃপা প্রাপ্তির দিন বিদ্যা যোগ শুভ বারির গৃহবধূদের দুশ্চিন্তা নাশ হবে। এক নারীর বুদ্ধির দ্বারা উপকৃত হওয়ার দিন। বাড়ির গৃহ মন্দিরে সাতটি প্রদীপ জালুন ওম নমঃ শিবায় বলুন নিশ্চয়ই শুভ হবে।

ধনু রাশি : আজ বুধবার গ্রহ পরিস্থিতি যা তা আপনার উপকৃত হওয়ার দিন। পুরাতন বান্ধবী দ্বারা প্রতিবেশী দ্বারা সম্মান প্রাপ্তির দিন। বাড়ির প্রবীণ নাগরিকের বুদ্ধির দ্বারা অর্থপ্রাপ্তির সম্ভাবনা। যারা প্রশাসনিক কর্মে আছেন যারা আইন ব্যবসায় আছেন তাদের অর্থ প্রাপ্তির নতুন যোগ তৈরি হবে। বাড়ির গৃহ মন্দিরে সাতটি প্রদীপ প্রজ্বলন করুন ভগবান গনেশের উদ্দেশ্যে, হলুদ রঙের ভোগ প্রদান করুন নিশ্চয়ই শুভ হবে।

মকর রাশি : আজ সতর্কতার সঙ্গে দিনটি কাটাতে হবে। ব্যবসা-বাণিজ্যে নতুন লগ্নি না করা শুভ। গোপন শত্রুর দ্বারা ব্যবসায় ক্ষতির সম্ভাবনাময়। বাড়ি জমি বাস্তু বিষয় অশুভ। পরিবারের সদস্যরা যেন আপনার মতকে গুরুত্ব দিতে চাইছে না। বাড়ির গৃহ মন্দিরে তুলসী প্রদান করুন ভগবান বিষ্ণুর চরণে, নিশ্চয়ই শুভ হবে।

কুম্ভ রাশি : আজ গ্রহ পরিস্থিতি আপনার দিকে থাকবে। বিশেষত যারা বিচ্ছেদের মামলায় জড়িয়ে রয়েছেন, আইনি বিবাদে জড়িয়ে রয়েছেন, গৃহ বাস্তু জমি বিষয়ে কোনো আইনি মামলা রয়েছে, আজকে আপনার পক্ষে রায় যাবে। পুরাতন বান্ধব দ্বারা পুরাতন কোন বান্ধবী দ্বারা শুভ ফলপ্রাপ্তি। বিদ্যা যোগ শুভ। বাড়ির গৃহ মন্দিরে সাতটি প্রদীপ জালুন। ভগবান শংকরের উদ্দেশ্যে, প্রদীপ জ্বালুন নিশ্চয়ই শুভ হবে।

মীন রাশি : আজ যারা দূর ভ্রমণে যাবেন তারা নিশ্চিন্তে ভ্রমণ করুন। বিদ্যার্থীদের জন্য শুভ। বিবাহের জন্য যে কথাটা এতদিন আটকে ছিল সে বিষয়ে, পাকা কথা হওয়ার সম্ভাবনাময় কাল। যারা জলের ব্যবসা করেন, কেমিক্যাল এর ব্যবসা করেন, মাছের ব্যবসা করেন, তাদের শুভ হবে। পুরাতন একযোগের দ্বারা সম্মান প্রাপ্তির দিন। গৃহবধূদের জন্য শুভ বাড়ির গৃহ মন্দিরে চন্দন দ্বারা, ভগবান বিষ্ণুর আরাধনা করুন নিশ্চয়ই শুভ ফল পাবেন।

**(শহীদ ভগৎ সিং র ভূমিষ্ঠ দিবস।
রাজা রামমোহন রায়ের তিরোধান দিবস)**

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

নাম-পদবী

গত ২২/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৭৩৩ নং এফিডেভিট বলে Nabakumar Ghoshal S/o. Satya Narayan Ghoshal ও Nabakumar Ghosal S/o. Lt. S. Ghosal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২২/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৭৩২ নং এফিডেভিট বলে আমি Gobinda Ghosh ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Madan Mohan Ghosh ও Madan Ghosh সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

নাম-পদবী

গত ১৬/০২/২৩ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, কলকাতা, কোর্টে ১৯৪৯ নং এফিডেভিট বলে Manindra Nath Nandi ও Manindra Nandi S/o. Madhusudan Nandi সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২২/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৭৩১ নং এফিডেভিট বলে Mohammad Ashfaque S/o. Mohammad Ibrahim ও Mohammad Isfaque S/o. M. Ibrahim সাং বাঁশবেড়িয়া, মগড়া, হুগলী সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২২/০৯/২৩ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ১৪৭৩৫ নং এফিডেভিট বলে Anup Kumar Khamaru S/o. Sailendra Nath Khamaru ও Anup Kr Khamaru S/o. S. Khamaru সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

আমি Prodipta Ghosh, এই মর্মে জানাচ্ছি যে গত ৮/৮/২০২৩ তারিখে ফার্স্ট ক্লাস এক্সেকিউটিভ ম্যাজিস্ট্রেট, হাওড়া কোর্টের এফডেভিট বলে এখন থেকে আমার সমস্ত নথিপত্রে Prodipta Ghosh নামে পরিচিত হবো। Pradipta Ghosh এবং Prodipta Ghosh এক ও অভিন্ন ব্যাক্তি।

CHANGE OF NAME

I, GANESH HARIJAN S/O Sri Nanda Kishore Harijan resident of Holding No. 13, BL. No. 09, Jagatdal, North 24 Pgs, hereby declare vide affidavit filed in the court of Ld. Judicial Magistrate, 1st Class, Barrackpore dated 01.03.2023 that my actual and correct name is GANESH HARIJAN and correct date of birth is 28.03.1986 and it isrecorded in my Voter ID card but in my ESI card, my name is recorded GANESH DAS and date of birth as 01.07.1983 and it is recorded in my Aadhar card. GANESH HARIJAN S/O Sri Nanda Kishore Harijan and GANESH DAS S/O Sri Nanda Kishore Harijan is the same and one identical person.

নাম-পদবী

এতদ্বারা সর্ব সাধারনকে জানানো যাইতেছে যে "Rabindra Apto" পিতা-Bijay Apto, সাং পঞ্চাননতলা বালি, দুর্গাপুর, থানা- নিশ্চিন্দা জেলা- হাওড়া, পিন- ৭১১২০৫, আমার পিতার নাম Bijay Apto কিন্তু ভুল ক্রমে আমার স্কুল ডকুমেণ্টে পিতার নাম "Bijay kumar Apto" নথিভুক্ত আছে । "Rabindra Apto" পিতা- Bijay Apto এক এবং "Rabindra Apto" পিতা- Bijay kumar Apto এবং অভিন্ন ব্যক্তি হইতেছেন এবং তাহা আমি হাওড়া কোর্টের নোটারিয়াল সিরিয়াল নং- ৩৬২৯, তাং- ২০-০৯-২০২৩ হলফনামায় ঘোষনা করিয়াছি।

সংশোধনী

উল্লেখ্য হারিয়ে যাওয়া দলিল বিজ্ঞপ্তি শ্রী অনিল কুমার ঘোষ এর- যা ১২.০৯.২০২৩ তারিখে 'একদিন' সংবাদপত্রে প্রকাশিত, মুদ্রণ প্রমাদ ফলে দলিল এর তারিখ : পড়তে হবে ০৫.১০.২০১৩- ০৫.১০.২০২৩ এর পরিবর্তে। অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে। অসুবিধার কারণে দুঃখিত।

বিজ্ঞপ্তি

আমার মক্কেল হালিম গাজী কন্দর্পপুর বোয়ালিয়া মৌজার (জে.এল. নং. ৪৯, থানা - সোনারপুর) আর. এস. ৭৯৪ নং. দাগ, এল. আর. ৮১৬ নং. দাগ, আর. এস. খতিয়ান ৯৬৪ এল. আর. খতিয়ান ৪৬৬ ও ৪৭৬ নং. খতিয়ানভুক্ত ২ কাঠা ৬ ছটাক ৩২ বর্গফুট জমির বর্তমান মালিক আসমা বিবি এবং আসলা বিবি (মাতা - দেনজান বিবি) নিকট হইতে খরিদ করিবার জন্য চুক্তিবদ্ধ হইয়াছে। উক্ত জমির ব্যাপারে কাহারো কোন প্রকার স্বত্ব, দাবী বা আপত্তি বা বক্তব্য থাকিলে উপযুক্ত প্রমাণ সহ আগামী ১৫ দিনের মধ্যে আমার উপরোক্ত মক্কেলের সহিত নিম্নোক্ত মোবাইল নাম্বারে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে, অন্যথায় কাহারো কোন প্রকার স্বত্ব, দাবী বা আপত্তি নাই বলিয়া গণ্য করা হইবে।

**আবদুর রউফ লস্কর
এ্যাডভোকেট
কোলকাতা হাই কোর্ট,
কোলকাতা-১
মো: ৯৬৭৪৮৪৪৫৬৬**

বিজ্ঞপ্তি

জেলা-হুগলী, মহামান্য সিভিল জজ, জুনিয়র ডিভিশন, প্রথম আদালত, চুঁচুড়া

রেফা - দেওয়ানী মোকর্দ্দমা নং ৫২০/২০২৩

**বাদী- শ্রীমতী মালা মল্লিক দীং
বিবাদী- অপরাজিতা সার্বজনীন দূর্গোৎসব, মহিলা সমিতি।**

এতদ্বারা জেলা হুগলীর চুঁচুড়া থানা এলাকাস্থিত কোদালিয়া ১ নং গ্রাম পঞ্চায়েত এক্তিয়ারভুক্ত ভগবতীডাঙ্গা ও প্রগতীনগর এলাকার হিন্দু মহিলা বাসিন্দাগণের অপরাজিতা সার্বজনীন দূর্গোৎসব মহিলা সমিতির সকল সদস্যাগণকে জানানো যাইতেছে যে, জেলা- হুগলী, থানা-চুঁচুড়া, কোদালিয়া ১ নং গ্রাম পঞ্চায়েত এলাকাস্থিত ২০ নং জে.এল. ভুক্ত চুঁচুড়া মৌজায় বাস্তু সম্পত্তির ০.১২৮ শতক পরিমাণ যাহার আর. এস. ৪২ (অংশ) এবং ১ যোল আনায় এল. আর. দাগ ১০৪, মায় গৃহাদী যাহার পরিমাপ উত্তরে- ৯৪'-০", দক্ষিণেঃ- ১১২'-০", পূর্বে - ৫৬'-০" ও পশ্চিমে ৫৬'-০" তৎসহ ব্যক্তিগতভাবে "পথ" রূপে ব্যবহৃত অংশের পরিমাপ-দক্ষিণে / উত্তরে- ১১২'-০", ৪'-০" পূর্ব ও পশ্চিম উক্ত সম্পত্তি লইয়া উহার বিষয়ে আপনাদের বিরুদ্ধে (১) শ্রীমতী মালা মল্লিক, স্বামী শ্রী কমল মল্লিক; পিতা- মৃত অজিত কুমার মল্লিক, সাকিম- ৩২/সি, দর্পনারায়ন স্ট্রীট; থানা- জোড়াবাগান, পোষ্ট- বড়বাজার, কোলকাতা-৭০০০০৭, এবং (২) শ্রীমতী মিলি মল্লিক, পিতা মৃত অজিত কুমার মল্লিক, সাং- ভগবতীডাঙ্গা, পোঃ চুঁচুড়া আর. এস., থানা- চুঁচুড়া, জেলা-হুগলী, পিন-৭১২১০২, মহাশয়াগণ সাব্যস্ত দাবী ও ইনজাংশন দাবী লইয়া ডিক্রী চাহিয়া অত্র মোকর্দ্দমা রুজু করিয়াছেন। অত্র মোকর্দ্দমায় উক্ত ব্যক্তিগণের দাবীর বিরুদ্ধে স্বার্থ সংশ্লিষ্ট কাহারও কোন বক্তব্য বা আপত্তি থাকিলে, তিনি স্বয়ং বা ভারপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র আদালতে উপস্থিত হইয়া বর্ণনাপত্র দাখিল করিবেন, অন্যথায় আইন মোতাবেক উক্ত ব্যক্তিগণের অনুকূলে তাহাদের প্রার্থীত দাবী মঞ্জুর হইবে।

বাদীর পক্ষে
(শ্রী শীর্ষেন্দু বন্দোপাধ্যায়)
উকিলবাবু।

আদালতের অনুমত্যানুসারে
Abja Banerjee
(সেরেস্তাদার)
Civil Judge (Jr. Divm.)
1st Court, Hooghly
26/9/23

CHANGE OF NAME

I, ANIL SHAW S/O Late Gobinda Shaw resident of H. No. 13, BL. No. 17, Kankinara, Bhatpara (M), P.O.- Kankinara, P.S.- Bhatpara, PIN- 743126 hereby declare vide affidavit filed in the court of Ld. Judicial Magistrate, 1st class, Barrackpore dated 08.09.2023 that my actual and correct name with surname is ANIL SHAW and it is recorded in my Aadhar, PAN and Driving licence but inadvertently my nick name BIPIN SHAW S/O Late Gobinda Shaw is recorded in my Mill's service records such as EPF, ESI, Pension. ANIL SHAW S/O Late Gobinda Shaw and BIPIN SHAW S/O Late Gobinda Shaw is the same and one identical

নোটীশ

**জেলা জজ আদালত চুঁচুড়া, হুগলী
মিস কেস নং ১৭৭/২০২২**

উমা সামন্ত স্বাঃ মৃন্ময় সামন্ত, সাং বিষ্ণুবাটী পোঃ ভাটা, থানা- তারকেশ্বর, জেলা-হুগলী
...দরখাস্তকারী।

এতদ্বারা জানানো যাইতেছে যে, দরখাস্তকারী তাহার নাবালোক পুত্র রনি সামন্তর (পিতা- মৃন্ময় সামন্ত) জেলা হুগলী তারকেশ্বর থানার অধীন মৌজা চাঁদ্দুর জে. এল. ২৩, এল. আর দাগ ১২৭৫ এল.আর, ২৬৫৬ রেকর্ড ভুক্ত ০২ শতক শালি সম্পত্তি উক্ত নাবালক পুত্রের হিতার্থে ও কল্যাণের জন্য বিক্রয় করিবার অনুমতির জন্য অত্র কেস রুজু করিয়াছেন, ইহাতে কাহারও আপত্তি থাকিলে এই নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে উপরোক্ত আদালতে হাজির হইয়া আপত্তি দাখিল করিবেন, নতুবা আইনানুগ নিস্পত্তি হইবে।

পান্না লাল দাস
দরখাস্তকারীর উকিলবাবু

আদেশানুসারে
শ্রী চরণ সিং
সেরেস্তাদার
District Judge's Court
Hooghly.

Dumurdaha-Nityanandapur No-I Gram Panchayat

Dumurdaha Adibasipara, Dumurdaha, Balagarh, Hooghly, 712515

Notice Inviting Tender

NIT No.: 001/15th FC/DN-1/2023-234 **Dated: 20.09.2023**

Sealed Tenders is invited from the experienced and resourceful bidders for execution of the work(s) mentioned below:-

Sl	Name of the work	Estimated Amount	Earnest Money
1	Const. of Top Floor Meeting Hall of GP Office. **56424857**	349858.00	7000.00
2	Renovation of GP Building. **56534829**	349852.00	7000.00
3	CC Road at Ramnagar from Subodh Barik to Sunil Pal via Patttaban Das to Amit Das P Koley house. **56426707**	203786.00	4100.00
4.	Const. of Conc. Road at Ramnagar from Amit Das to Pashupati Koley via Ranjit Das to Ramesh Pal house and Madhusudhan Khamaru to Balai Seth via Pranab Halder house. **67876843**	155789.00	3200.00
5.	Const. of Conc. Drain with Cover Slab at Ramnagar from Pranab Halder to Nirmal Das and Patttpaban Das to Raju Das via Prodip Sing to Ramesh Pal house. **67914377**	291322.00	6000.00
6.	Inst. of Solar High Mast Light at Ramnagar Barowary Thakur Tala. **67905617**	199002.00	4000.00

Fund: 15th FC Tied (Sl.- 5) & 15th FC Untied (Sl.- 1-4 & 6)

Last Date & Time of Submission of Application: **29.09.2023 at 02:00 PM.** Last Date of Sale of Tender Form: **03.10.2023 up to 02:00 PM.** Last Date of Dropping of Sealed Tender Form: **05.10.2023 up to 01:00 PM.** Date of Opening of Tender: **05.10.2023 at 02:00 PM.** For more details visit undersigned GP Office.

**Sd/-Pradhan
Dumurdaha-Nityanandapur No-I Gram Panchayat**

রাজস্থানে মিড ডে মিলে আর্থিক দুর্নীতি মন্ত্রীর বাসভবনে ইডির তল্লাশি

জয়পুর, ২৬ সেপ্টেম্বর: মিড ডে মিল প্রকল্পে আর্থিক দুর্নীতির অভিযোগে এ বার রাজস্থানের মন্ত্রীর বাসভবনে মঙ্গলবার তল্লাশি অভিযান চালাল এনফোর্সমেন্ট ডায়রেক্টরেট (ইডি)। তদন্তকারী সংস্থার এক সূত্রের দাবি, মন্ত্রী রাজেন্দ্র সিং যাদবের বাসভবনে তল্লাশি চালানো হচ্ছে।

জয়পুরের কোটপুতলির বিধায়ক রাজেন্দ্র। তিনি রাজ্যের মন্ত্রিসভার সদস্য। স্বরাষ্ট্র, উচ্চশিক্ষা, আইন-সহ বেশ কয়েকটি দপ্তর সামলান মন্ত্রী রাজেন্দ্র। মিড ডে মিল প্রকল্পে আর্থিক দুর্নীতির অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। আর সেই মামলায় এই তল্লাশি অভিযান বলে ইডির এক সূত্রের দাবি। শুধু ইডি নয়, এই আয়কর দপ্তরও এই তদন্তে যোগ দিতে পারে বলেও ওই সূত্রের দাবি। কোন কোন সংস্থার সঙ্গে মন্ত্রীর যোগ রয়েছে, তা খতিয়ে দেখতে চায় তদন্তকারী সংস্থাগুলি।

পিএফআই-এর নামে গুজব ছড়ানোয় গ্রেপ্তার সেনাকর্মী

তিরুঅনন্তপুরম, ২৬ সেপ্টেম্বর: কেরলে জনৈক সেনকর্মীর উপরে হামলায় পিএফআইয়ের নাম জড়িয়েছিল। জওয়ানের পিঠে 'পিএফআই' লিখে দেওয়ার ঘটনায় এফআইআরও দায়ের হয়েছে। যার পর নতুন করে নিষিদ্ধ পপুলার ফ্রন্ট নিয়ে চাঞ্চল্য ছড়ায় দক্ষিণের রাজ্যে। মঙ্গলবার জানা গেল, খবরে আসতেই ভুয়ো অভিযোগ করেছিলেন ওই জওয়ান। গুজব ছড়ানোর অভিযোগ উলটে ওই সেনাকর্মীকেই গ্রেপ্তার করেছে পুলিশ। কোল্লাম জেলার কাদাক্কালে বাড়ি সেনাকর্মী শাইন কুমারের। গতকাল তিনি অভিযোগ করেন, রবিবার রাতে বাড়ির কাছে রবার গাছের বনে ৬ জন যুবক চড়াও হয় তাঁর উপরে। তাঁর হাত বেঁধে দেওয়া হয়। এর পর জোর করে জওয়ানের পিঠে লিখে দেওয়া হয় 'পিএফআই'। সেনাকর্মীর অভিযোগের ভিত্তিতে অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীদের বিরুদ্ধে মামলাও দায়ের করেছিল পুলিশ। যদিও তদন্তে নেমে পুলিশ বুঝতে পারে, মিথ্যে অভিযোগ করেছেন শাইন। কোল্লাম জেলার এএসপি (গ্রামীণ) আর প্রথাপন নায়ার বলেন, সেনাকর্মীর সম্পূর্ণ মিথ্যে অভিযোগ করেছিলেন। গোটা দেশে যাতে করে তাঁর নাম ছড়ায়, সেই অভিসন্ধিতেই এই কাণ্ড করেছিলেন যুবক।

রোজগার মেলার অধীনেই ৫১ হাজার চাকরির নিয়োগপত্র দিলেন মোদি

নয়াদিল্লি, ২৬ সেপ্টেম্বর: ফের কেন্দ্রীয় সরকারের একাধিক পদে নিয়োগ দিলেন প্রধানমন্ত্রী । মঙ্গলবার প্রায় ৫১ হাজার যুবর হাতে কেন্দ্রীয় সরকারি চাকরির নিয়োগপত্র তুলে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এর মধ্যে কেবল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ১ হাজার যুবর হাতে নিয়োগপত্র তুলে দিলেন তিনি। রোজগার মেলা-র অধীনেই এই নিয়োগপত্র দেন প্রধানমন্ত্রী।

এদিন দেশজুড়ে প্রায় ৪৬টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হয়। এর মধ্যে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্ট ব্লেয়ারে ডা. বি.আর আম্বেদকর ইনস্টিটিউট অফ টেকনোলজি অডিটোরিয়ামে রোজগার মেলা-র আয়োজন করা হয়েছিল। সেই অনুষ্ঠান থেকেই এদিন ভিডিও কনফারেন্স মারফৎ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের প্রায় এক হাজার যুবর হাতে নিয়োগপত্র তুলে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তারপর সদ্য চাকরিপ্রাপ্ত যুবদের অভিনন্দন জানিয়ে প্রযুক্তির উপরই জোর বাড়ানোর কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সরকারি প্রকল্পে প্রযুক্তির ব্যবহার দুর্নীতি, জটিলতা রোধ করেছে এবং বিশ্বাসযোগ্যতা, স্বাচ্ছন্দ্য বাড়িয়েছে।

জানা গিয়েছে, পোস্ট অফিস, অডিট ও অ্যাকাউন্ট দপ্তর, পারমাণবিক শক্তি, প্রতিরক্ষা মন্ত্রক, শিক্ষা মন্ত্রক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক -সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে চাকরির নিয়োগপত্র তুলে দেওয়া হয়েছে যুবদের হাতে।

প্রসঙ্গত, মাস তিনেক আগেও রোজগার মেলার অধীনে প্রায় ৭০ হাজার প্রার্থীকে চাকরির নিয়োগপত্র তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেবার দেশের ২০টি রাজ্যের ৪৩টি জায়গার যুবদের হাতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে চাকরির নিয়োগপত্র দিয়েছিলেন মোদি। এভাবে রোজগার মেলার মাধ্যমে যুবদের চাকরি প্রদান লোকসভার আগে প্রধানমন্ত্রীর মাস্টারস্ট্রোক বলেই মনে করছে রাজনৈতিক মহল।

টোটো ও ই-রিকশার রুট পারমিট ঠিক করবে স্থানীয় প্রশাসন, নিদান পরিবহন মন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: মঙ্গলবার হাওড়াতে এসে শহরে চলাচলকারী টোটো ও ই-রিকশার পারমিট দেওয়া নিয়ে সরকারের সিদ্ধান্ত জানালেন পরিবহণ মন্ত্রী স্নেহাসিশ চক্রবর্তী। হাওড়া শহরে এই মুহূর্তে ই-রিকশা বা টোটোর কোন নির্দিষ্ট রুট পারমিট নেই। আর যার দরুন শহরের বিভিন্ন রাস্তায় যে ব্যাপক যানজট সৃষ্টি হয় তার থেকে কিভাবে মোকাবিলা করা সম্ভব হবে , এছাড়াও কোন টোটো কোন রুট দিয়ে যাবে তা স্থানীয় প্রশাসন, জন প্রতিনিধিরাই স্থির করবেন বলেই জানান মন্ত্রী।

মঙ্গলবার বিকেলে হাওড়ার পদ্মপুকুর ক্যারি রোডে ট্রাফিক পুলিশের এক সচেতনতা শিবিরে উপস্থিত হয়ে রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেন, 'হাইকোর্টের নির্দেশ অনুযায়ী তিন চাকার কোনও বাহন বা টোটো ইত্যাদি রাজ্য ও জাতীয় সড়কে যাতায়াত করতে পারবে না। এছাড়া যেখানে টোটো তৈরি হচ্ছে সেখানে যদি কোনও বেনিয়ম হয় তাহলে তৎক্ষণাৎ সেই কারখানা সিল করে দেওয়া হবে।' এদিন পরিবহন মন্ত্রী বলেন, 'বাসের ক্ষেত্রে ওভারলোডিং করে মাল নিয়ে যাওয়া যাবে না। সেই ক্ষেত্রে যে বাসের যে পারমিট ক্যাপাসিটি আছে সেই অনুযায়ী মাল বহন করতে হবে। কোনওভাবেই ওভারলোডিং করে যাওয়া যাবে না। সেটা আমরা বারবার বলছি।' এছাড়াও পরিবহণ মন্ত্রী এদিন বলেন, 'ধর্মতলা থেকে বাস স্ট্যান্ড তুলে দেওয়া হলে বিকল্প কোথায় ব্যবস্থা করা সম্ভব তা খতিয়ে দেখা হচ্ছে। আগে যখন হাওড়া ব্যান্ডেল রুটের ট্রেন পথ প্রথম চালু হয়েছিল তখন ধর্মতলাকে কেন্দ্র করে অফিসপাড়া গড়ে উঠেছিল। এখানে গাড়ি দাঁড়াতো। তবে এখন ধর্মতলা বাসস্ট্যান্ড তুলে দেওয়া হলে সেটা কোথায় করা হবে তার বিকল্প জায়গার কথাও ভাবা হচ্ছে। এছাড়া যে সমস্ত দূরপাল্লার গাড়ি ধর্মতলা থেকে ছাড়ে সেই সমস্ত গাড়িগুলোকে আপাতত বিভিন্ন ডিপোতে রাখা হচ্ছে। যখন যে গাড়ির টাইম সেই টাইমের এক ঘন্টা আগে ডিপো থেকে ধর্মতলায় আনা হচ্ছে। সেখানে প্যাসেঞ্জার নিয়ে গাড়ি বেরিয়ে যাচ্ছে। ৮-১০ ঘন্টা ধরে গাড়ি ধর্মতলা চত্বরে দাঁড়িয়ে থাকছে না' বলেই এদিন পরিবহণ মন্ত্রী জানান।

ইদ-ই-মিলাদে উত্তর-দক্ষিণ করিডরে কম সংখ্যক মেট্রো

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: এবার ইদ-ই-মিলাদ-এর দিন সামান্য পরিবর্তন আনা হচ্ছে মেট্রো পরিষেবায়। এই প্রসঙ্গে মঙ্গলবার একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে কলকাতা মেট্রোর তরফ থেকে। সেখানে দেখা যাচ্ছে ওই দিন মেট্রোর সংখ্যা কমানো হলেও প্রথম ও শেষ মেট্রোর সময়সূচিতে কোনওরকম পরিবর্তন আনা হয়নি। পাশাপাশি কোনওরকম পরিবর্তন নেই গ্রিন ও পার্পল লাইনের পরিষেবাতেও।

প্রসঙ্গত, আগামী ২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার ইদ-ই-মিলাদ। এক প্রেস বিজ্ঞপ্তিতে মেট্রো জানিয়েছে, ওই দিন ছুটি থাকায় ২৮৮টির পরিবর্তে ২৩৪টি পরিষেবা দেওয়া হবে। আপ ও ডাউন লাইনে ১১৭টি করে মেট্রো চলবে। এর মধ্যে আবার ১৬০টি চলবে দক্ষিণেশ্বর থেকে।

দিনের প্রথম পরিষেবা-

দমদম থেকে কবি সুভাষ সকাল ৬টা ৫০ মিনিট (পরিবর্তন নেই)

কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর সকাল ৬টা ৫০ মিনিট (পরিবর্তন নেই) দমদম থেকে দক্ষিণেশ্বর সকাল ৬টা ৫৫ মিনিট (পরিবর্তন নেই)

দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ সকাল ৭টায় (পরিবর্তন নেই)

দিনের শেষ পরিষেবা-

দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ রাত ৯টা ২৮ মিনিট (পরিবর্তন নেই)

দমদম থেকে কবি সুভাষ রাত ৯টা ৪০ মিনিট (পরিবর্তন নেই)

কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর রাত সাড়ে ৯টায় (পরিবর্তন নেই)

কবি সুভাষ থেকে দমদম রাত ৯টা ৪০ মিনিট (পরিবর্তন নেই)

রাজস্থানে মিড ডে মিলে আর্থিক দুর্নীতি মন্ত্রীর বাসভবনে ইডির তল্লাশি

জয়পুর, ২৬ সেপ্টেম্বর: মিড ডে মিল প্রকল্পে আর্থিক দুর্নীতির অভিযোগে এ বার রাজস্থানের মন্ত্রীর বাসভবনে মঙ্গলবার তল্লাশি অভিযান চালাল এনফোর্সমেন্ট ডায়রেক্টরেট (ইডি)। তদন্তকারী সংস্থার এক সূত্রের দাবি, মন্ত্রী রাজেন্দ্র সিং যাদবের বাসভবনে তল্লাশি চালানো হচ্ছে।

জয়পুরের কোটপুতলির বিধায়ক রাজেন্দ্র। তিনি রাজ্যের মন্ত্রিসভার সদস্য। স্বরাষ্ট্র, উচ্চশিক্ষা, আইন-সহ বেশ কয়েকটি দপ্তর সামলান মন্ত্রী রাজেন্দ্র। মিড ডে মিল প্রকল্পে আর্থিক দুর্নীতির অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। আর সেই মামলায় এই তল্লাশি অভিযান বলে ইডির এক সূত্রের দাবি। শুধু ইডি নয়, এই আয়কর দপ্তরও এই তদন্তে যোগ দিতে পারে বলেও ওই সূত্রের দাবি। কোন কোন সংস্থার সঙ্গে মন্ত্রীর যোগ রয়েছে, তা খতিয়ে দেখতে চায় তদন্তকারী সংস্থাগুলি।

মন্ত্রীর বাড়িতে তল্লাশি অভিযানের জন্য মঙ্গলবার সকালেই দিল্লি থেকে ইডির একটি দল কোটপুতলিতে মন্ত্রীর বাসভবনে এসে পৌঁছয়। মন্ত্রীর বাড়ির সামনে বেশ কিছু গাড়িও দেখা গিয়েছে। মন্ত্রীর বাড়িতে কারও প্রবেশ এবং বেরোনোতেও আপাতত নিষেধাজ্ঞা জারি করা হয়েছে বলে ওই সূত্রের দাবি। কোটপুতলিতে মন্ত্রীর বাসভবনের পাশাপাশি বেহরোর, বিরাটনগর-সহ ১০টি জায়গায় তল্লাশি চালানো হচ্ছে।

গত বছরের সেপ্টেম্বরে মিড ডে মিল প্রকল্পে দুর্নীতির অভিযোগে মন্ত্রীর বাসভবন-সহ বেশ কিছু জায়গায় তল্লাশি অভিযান চালিয়েছিল আয়কর দপ্তর। রাজস্থান ছাড়াও দিল্লি, উত্তরাখণ্ড এবং মহারাষ্ট্রেও তল্লাশি চালানো হয়েছিল। যদিও সেই সময় মন্ত্রী দাবি করেছিলেন, এই মিড ডে মিল প্রকল্পের সঙ্গে তার কোনও সম্পর্কই নেই।

সেই সময় মন্ত্রীর বাসভবন ছাড়াও তাঁর আত্মীয়দের বাড়ি-সহ ৫০টি

মহামিলন মঠে ওঙ্কারনাথ মিশনের আচার্য কিঙ্কর বিঠ্ঠল রামানুজজি মহারাজের সঙ্গে এক আধ্যাত্মিক সাক্ষাৎকার করলেন কেন্দ্রীয় সমাজ কল্যাণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। মহামিলন মঠে শ্রী শ্যামসুন্দর-শ্যামরানি মন্দিরে ও শ্রী শ্রী ঠাকুরকে আরতি ও পূজা করেন মাননীয় মন্ত্রী। একই সঙ্গে বিশ্ব কল্যাণ নিয়ে বিভিন্ন আলোচনা করেন মন্ত্রী।

পুলিশের সামনেই নিজের মাথায় গুলি মার্কিন কিশোরীর

লন্ডন, ২৬ সেপ্টেম্বর: বাড়ি থেকে পালিয়ে পার্টি করছিল ১৪ বছরের কিশোরী। চিন্তায় পড়ে মেয়েকে ফিরিয়ে আনতে পুলিশের শরণাপণ্ণ হন বাবা-মা। কিন্তু বাড়ি ফিরতে নারাজ সে। উদ্ধারকারী পুলিশকে দেখেই সটান নিজের মাথায় গুলি চালিয়ে ফেলল কিশোরী। বাড়ি ফেরার থেকে নিজের জীবন শেষ করে ফেলাই তার কাছে সঠিক বলে মনে হয়। মর্মান্তিক এই ঘটনা ঘটেছে আমেরিকার কানসাসে। মেয়েকে হারিয়ে শোকে পাথর ওই কিশোরীর বাবা। জানা গিয়েছে, ওই কিশোরীর নাম জেইলি চিলসন। বাড়ি থেকে পালিয়ে একটি পার্টিতে যোগ দিয়েছিল সে। দীর্ঘক্ষণ না ফেরায় পুলিশে খবর দেন জেইলির বাবা। শহরের নানা এলাকায় খুঁজে শেষ পর্যন্ত ওই পার্টিতে পৌঁছয় পুলিশ। জেইলিকে দেখতে পেয়েই তাকে বাড়ি ফিরতে অনুরোধ করেন আধিকারিকরা। কিন্তু কিছুতেই বাড়ি ফিরতে নারাজ জেইলি। পুলিশের হাত থেকে পালাতে নয়া ফন্দি আঁটে সে। আধিকারিকের কথা মতো পুলিশের গাড়ির কাছে পৌঁছয় জেইলি। কেউ কিছু বুঝে ওঠার আগেই গাড়িতে থাকা বন্দুক বের করে ফেলে সে। পুলিশের সামনেই নিজের মাথায় বন্দুক ঠেকিয়ে গুলি চালিয়ে ফেলে জেইলি। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। চেষ্টা সত্ত্বেও বাঁচানো যায়নি তাকে। মেয়েকে হারিয়ে ভেঙে পড়েছেন জেইলির বাবা। তিনি বলেন, 'আমার মেয়ের মতো মেয়ে হয় না। ও আমাদের সবকিছু ছিল। এখন আমাদের হৃদয়টাই ভেঙে গেল। ওর মৃত্যু মেনে নিতে পারছি না।' কেন বাড়িতে ফিরতে এত সমস্যা ছিল জেইলির? তার বাবা বলেন, বেশ কয়েকদিন ধরেই নানা বিষয়ে জেইলিকে হুমকি দিচ্ছিল বন্ধুরা।

একদিন আমার শহর

কলকাতা ২৭ সেপ্টেম্বর ৯ আশ্বিন, ১৪৩০, বুধবার

শিক্ষিকা বদলির মামলায় দুই সপ্তাহের মধ্যে ডিআইকে অপসারণের নির্দেশ আদালতের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: শিক্ষিকার বদলি মামলায় দুই সপ্তাহের মধ্যে মুর্শিদাবাদের ডিআই-কে অপসারণ করার নির্দেশ দেওয়া হল। শিক্ষা দপ্তরের প্রিন্সিপ্যাল সেক্রেটারিকে দুই সপ্তাহের মধ্যে এই নির্দেশ কার্যকর করার নির্দেশ দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়।

এক শিক্ষিকার বদলি সংক্রান্ত মামলায় মঙ্গলবার বিচারপতি জানান, 'ডিআই যে কাজ করেছেন, তা আদালত ভালো চোখে দেখছে না। ডিআই-কে পদ থেকে অপসারণ করতে হবে।' সঙ্গে বিচারপতি এটাও স্পষ্ট করে দেন, অন্য দপ্তরে চাকরি করতে পারেন ডিআই। তাঁর কড়া মন্তব্য, 'এই পদে চাকরি করার যোগ্য তিনি নন।' পাশাপাশি আদালত মঙ্গলবার এটাও স্পষ্ট করে দেয়, আগামী ৩ সপ্তাহের মধ্যেই মামলাকারীকে বাড়ির কাছের স্কুলে বদলি করতে হবে।

এদিকে আদালত সূত্রে খবর, ৫ ডিসেম্বর এই মামলার পরবর্তী শুনানি। সেদিন রাজ্যকে নির্দেশ কার্যকরের বিষয়ে রিপোর্ট জমা করতে হবে।

আদালত সূত্রে এও জানানো হয়েছে, মামলাকারী নদিয়ার শিক্ষিকা বনানী ঘোষ। তিনি মুর্শিদাবাদের স্কুলে কর্মরত ছিলেন। বাড়ির কাছে বদলির আবেদন জানিয়ে আদালতের দ্বারস্থ হন শিক্ষিকা। আদালতে শিক্ষিকা জানান, সন্তান জটিল রোগে আক্রান্ত এবং স্বামীও বিশেষভাবে সক্ষম। তাই বাড়ির কাছে বদলির আবেদন করেন ওই শিক্ষিকা। তাতে কাজ না হওয়ায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন শিক্ষিকা। মুর্শিদাবাদের ওই স্কুলে কত শিক্ষক আছেন তা জানতে চেয়ে ডিআই-এর রিপোর্ট তলব করে আদালত। শিক্ষকদের তালিকার সঙ্গে প্যারাটিচারের সংখ্যা যোগ করে রিপোর্ট দেন ডিআই।

সেই রিপোর্ট দেখেনই বিরক্ত হন বিচারপতি। কারণ ইতিমধ্যেই অন্য একটি মামলায় বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশ ছিল, বদলির ক্ষেত্রে টিচার ও প্যারাটিচারের সংখ্যা এক করা যাবে না। এই ভুল রিপোর্ট দেওয়ার জন্যই ডিআই -কে পদ থেকে অপসারণের নির্দেশ দেন তিনি।

রাজ্যের আর্জি মানল না হাইকোর্ট, মিছিল হবে ক্যামাক স্ট্রিট দিয়েই

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: বুধবার কলকাতায় রাস্তায় গ্রুপ ডি কর্মীদের মিছিল হবে ক্যামাক স্ট্রিটেই। রাজ্যের আপত্তি খারিজ করে জানাল কলকাতা হাইকোর্ট। এদিন গ্রুপ ডি-র কর্মীদের মিছিলের রুটের একটি অংশ নিয়ে আপত্তি তোলা হয় রাজ্যের তরফ থেকে। এরপর হাইকোর্টের নির্দেশ পুনর্বিবেচনার জন্য আর্জিও জানানো হয়। আদালত মঙ্গলবার জানিয়ে দেয়, গ্রুপ ডি কর্মীদের মিছিলের রুটে কোনও পরিবর্তন হচ্ছে না। ফলে রাজ্য সরকারের গ্রুপ ডি কর্মীদের মিছিল যাবে ক্যামাক স্ট্রিট হয়েই। তবে বিচারপতি জয় সেনগুপ্ত একইসঙ্গে এও জানিয়ে দিয়েছেন, ওই রুটে মিছিলের জন্য যাতে সাধারণ মানুষের কোনও সমস্যা বা দুর্ভোগ না হয়, সেই বিষয়টির দিকেও নজর রাখতে হবে মিছিলের উদ্যোক্তাদের। বিচারপতির সংযোজন, মিছিলের জন্য প্রয়োজনীয় পুলিশি বন্দোবস্ত রাখতে হবে এবং প্রয়োজনে চ্যানেল করে মিছিল পাস করাতে হবে।

প্রসঙ্গত, সোমবারই রাজ্যের তরফে ক্যামাক স্ট্রিট এলাকা দিয়ে মিছিল যাওয়া নিয়ে আপত্তি জানানো হয়। রাজ্যের বক্তব্য ছিল, ওই রুটে অনেকগুলি স্কুল রয়েছে। অভিনব ভারতী, শ্রী শিক্ষায়তন, লা মার্টিনিয়ার-সহ বেশ কয়েকটি স্কুলের কথা আদালতে উল্লেখও করে রাজ্য। একইসঙ্গে এও জানায়, মিছিলের ফলে ওই রাস্তায় যানজট সৃষ্টি হতে পারে বলেও জানিয়েছিল রাজ্য। কিন্তু এদিন বিচারপতি জয় সেনগুপ্ত রাজ্যের আইনজীবীর উদ্দেশে বলেন, 'আপনাদের বলা কোনও স্কুল ক্যামাক স্ট্রিটে নেই। এটা কোনও বিক্ষোভ সমাবেশ নয়, ওখানে কেউ বসবে না। তাঁরা মিছিল করে চলে যাবেন। তাঁদের মিছিল যাতে যেতে পারে, পুলিশ সেই ব্যবস্থা করবে।'

স্বাস্থ্যভবনে ২২ বিধায়ককে নিয়ে আচমকা হাজির বিরোধী দলনেতা

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ডেঙ্গু নিয়ে উদ্বেগজনক পরিস্থিতি রাজ্য জুড়ে। স্বাস্থ্য দপ্তরের রিপোর্ট অনুসারে প্রতিদিনই বাড়ছে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা। এই অবস্থায় মঙ্গলবার সকালে বিজেপি বিধায়কদের সঙ্গে নিয়ে স্বাস্থ্য ভবনে হাজির হন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। স্বাস্থ্য ভবনের গেটের বাইরে পুলিশ তাঁদের আটকানোর চেষ্টা করলে ধস্তাধস্তি বাধে বিরোধী দলনেতার সঙ্গে। সূত্রের খবর, রাজ্য সরকারের তরফে ১৫ দফা নির্দেশিকা দেওয়া হয়েছে। একাধিক নিয়মবিধি মানার নির্দেশ দিয়েছে নবান্ন। তবে বিরোধীদের অভিযোগ, ডেঙ্গু রোধে রাজ্য সরকার উদাসীন। তাই বাড়ছে আক্রান্ত, মৃত্যু। রাজ্য সরকার 'ডেঙ্গুর সরকার' হয়ে গিয়েছে। সেসব তথ্য নিয়ে স্বাস্থ্যভবনে একটি স্মারকলিপি দিতে গিয়েছিলেন শুভেন্দু অধিকারী ও বিজেপির ২২ জন বিধায়ক।

প্রসঙ্গত, এর আগে ডেঙ্গু পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য মুখ্যমন্ত্রীর অনুপস্থিতিতে মুখ্যসচিবের সঙ্গে দেখা করার জন্য সময় চেয়েছিলেন শুভেন্দু। তবে মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিদেবদী অনুপস্থিত থাকায় দেখা হয়নি। এরপর এদিন হঠাৎই স্বাস্থ্য ভবনে বিজেপি বিধায়কদের সঙ্গে নিয়ে হাজির হন বিরোধী দলনেতা। শুধু হাজির হওয়াই নয়, স্বাস্থ্যভবনের ভিতরেও ঢুকতে চান তিনি। অভিযোগ, স্বাস্থ্যভবনের নিরাপত্তারক্ষী ও পুলিশকর্মীরা তাঁকে ভিতরে যাওয়ার অনুমতি দেননি। তখনই পুলিশকর্মীদের সঙ্গে বাকযুদ্ধে জড়ান শুভেন্দু। তিনি বলেন, 'আপনারা বিধায়কদের এভাবে আটকাতে পারেন না।' এরপর স্লোগান ওঠে , 'ডেঙ্গুর সরকার, আর নেই দরকার।' এরপরই শুরু হয় ধস্তাধস্তি। বেধে যায় ধুন্ধুমার কাণ্ড। এর পাশাপাশি বিধায়করাও স্লোগান তুলতে থাকেন।

স্বাস্থ্যভবনে প্রবেশে বাধা দেওয়া প্রসঙ্গে ক্ষুব্ধ বিরোধী দলনেতা শুভেন্দু জানান, 'স্বাস্থ্য ভবন কি তৃণমূলের পৈত্রিক সম্পত্তি? এখানে ২০-২২ জন বিধায়ক আর বিরোধী দলনেতাকে ঢুকতে দেওয়া হচ্ছে না। তৃণমূল আসার আগে এ বাড়ি হয়েছে। আর যাঁরা ভিতরে রয়েছে তাঁরা ট্যাক্সের টাকায় বেতন পান।' এরই পাশাপাশি শুভেন্দুর অভিযোগ, 'ছোট ছোট শিশু মারা যাচ্ছে। সদ্যজাত মারা যাচ্ছে। প্রসূতি মা মারা যাচ্ছে। ভয়ঙ্কর পরিস্থিতি। এদিকে হাসপাতালে বেড নেই। প্রাইভেট নার্সিংহোমে নো-এন্ট্রি বোর্ড লাগানো হয়েছে।' সঙ্গে শুভেন্দুর সংযোজন, 'করোনার থেকেও খারাপ হয়েছে রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি। টেস্ট কিট নেই, ১০০-র বেশি মারা গিয়েছে। কেন্দ্রকে রিপোর্ট দেয়নি রাজ্য। রাজ্য সরকারের এসব দিকে কোনও খেয়াল নেই। কত মৃত্যু হয়েছে ডেঙ্গুতে, সেই তথ্য প্রকাশ করছে না। আমরা এখানে একটা ডেপুটেশন দিতে এসেছিলাম। ৫ মিনিটের কাজ। সচিবের সঙ্গে দেখাও করতাম না। স্মারকলিপিতে সই করিয়ে রিসিভড কপি নিয়ে যেতাম। কিন্তু তাও আমাদের আটকানো হচ্ছে। আসলে বিজেপিকে ভয় পেয়েছে। তাই বিজেপিকে স্বাস্থ্যভবনেও ঢুকতে দিচ্ছে না।' এরপর গাড়িতে ওঠার সময় বিরোধী দলনেতাকে পুলিশের উদ্দেশে বলতে শোনা যায়, 'হিসেব নেব।'

বিচারপতির তোপের মুখে কলেজ সার্ভিস কমিশন

নিজস্ব প্রতিবেদন, কলকাতা স্কুল সার্ভিস কমিশনের পর এবার আদালতে তোপের মুখে কলেজ সার্ভিস কমিশন। কারণ প্যানেল প্রকাশ করা হলেও সেখানে কোনও নম্বরের ব্রেক-আপ নেই। আর এই অভিযোগ সামনে আসতেই ক্ষোভ প্রকাশ করলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এরপরই কড়া ভাষায় বার্তাও দেন কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যানকে। প্রশ্ন করেন, কেন নম্বরের ব্রেক আপ রাখা হয়নি তা নিয়েও। এরপরই ১০ দিনের মধ্যে হলফনামা জমা দিয়ে সে কথা জানানোর নির্দেশ দিয়েছে হাইকোর্টের দ্বারস্থ হন মোনালিসা ঘোষ নামে ওই মামলকারী। তাঁর দাবি স্বচ্ছতা আনতে প্যানেলে নম্বর প্রকাশ করতে হবে। মঙ্গলবার ছিল সেই মামলার শুনানি। এরপরই শুনানির সময় কিসের ভিত্তিতে প্যানেল প্রকাশ করা হল, কমিশনের কাছে তা জানতে চান বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। কমিশনের আইনজীবী জানান, প্রাপ্ত নম্বর, গবেষণা পত্র সহ বেশ কিছু দেখেই প্যানেলে নাম ওঠে। এ কথা শুনে বিচারপতি বলেন, 'চেয়ারম্যান নিজে কটি পেপার অর্থাৎ গবেষণা পত্র জমা দিয়েছেন, তা ওঁকে জিজ্ঞেস করতে চাই। নম্বর প্রকাশ করলে সমস্যা কোথায়? প্রশ্ন

> **প্যানেল প্রকাশ করা হলেও সেখানে কোনও নম্বরের ব্রেক-আপ নেই। আর এই অভিযোগ সামনে আসতেই ক্ষোভ প্রকাশ করলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়।**

আদালত। আগামী ১৩ অক্টোবর রয়েছে মামলার পরবর্তী শুনানি। এদিকে আদালত সূত্রে খবর, মঙ্গলবার মামলার শুনানিতে নিয়োগ মামলায় অভিযুক্ত সুবীরেশ ভট্টাচার্যের কথাও উল্লেখ করেন বিচারপতি গঙ্গোপাধ্যায়।

প্রসঙ্গত, মোনালিসা ঘোষ নামে এক মামলাকারী অভিযোগ করেন, ২০২৩-এ কলেজ সার্ভিস কমিশনের তরফে যে প্যানেল প্রকাশ করা হয়েছে, সেখানে শুধু প্রার্থীদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর প্রকাশিত হলেও নম্বর প্রকাশ করা হয়নি। সেই অভিযোগ নিয়েই করেন বিচারপতি। চেয়ারম্যান দীপক করের উদ্দেশে তিনি আরও বলেন, 'ওঁকে মনে করিয়ে দেবেন সুবীরেশ ভট্টাচার্য এখন জেলে আছেন।'

উল্লেখ্য, সুবীরেশ ভট্টাচার্যও কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান ছিলেন। কমিশনের আইনে কেন প্যানেলের কোনও সংজ্ঞা বলা নেই দেখেও এদিন বিস্ময় প্রকাশ করতে দেখা যায় বিচারপতিকে। উল্লেখ্য, ২০২০ সালে কলেজ সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছিল। ২০২৩ সালে প্যানেল প্রকাশিত হয়।

নয়া বিধায়কের শপথবাক্য পাঠ কোথায়, রাজ্যপাল ও রাজ্যের মধ্যে চাপানউতোর

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: এবার ধূপগুড়ির নবনির্বাচিত বিধায়ককে রাজভবনে ডেকে শপথ বাক্য পাঠ করানোর ইচ্ছা প্রকাশ করে মুখ্যমন্ত্রীকে চিঠি দিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। এরপরই পাল্টা চিঠিতে রাজ্যপালকে বিধানসভায় আসার অনুরোধ জানালেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোয়াপাধ্যায়।

সূত্রের খবর, মুখ্যমন্ত্রীকে দেওয়া চিঠিতে রাজ্যপাল দাবি করেছেন, নির্মলচন্দ্র রায় তপশিলি জাতির একজন প্রতিনিধি, তাই তাঁকে রাজভবনে শপথবাক্য পাঠ করালে রাজভবনের গরিমা বাড়বে। রাজ্যপালের দাবি, এই শপথ গ্রহণ বার্তা দেবে যে রাজভবন সবার জন্য খোলা। মুখ্যমন্ত্রী সেই চিঠির প্রতিলিপি স্পিকারকে পাঠিয়েছেন বলে সূত্রের খবর। এরপরই রাজভবনে একটি পাল্টা চিঠি পাঠান বিমান বন্দ্যোপাধ্যায়। স্পিকারের দাবি, বিধানসভার গরিমা, রাজভবনের থেকে অনেক বেশি। এখানে সব ধর্ম-বর্ণের মানুষ শপথ গ্রহণ করেছেন। তাই রাজ্যপালকে বিধানসভায় গিয়ে শপথ গ্রহণ করানোর কথা বলেছেন স্পিকার। বিমান বন্দ্যোপাধ্যায় জানান, রাজ্যপাল যখন শপথ বাক্য পাঠ করানোর ইচ্ছা প্রকাশ করেছেন, তখন তিনি যেন বিধানসভায় আসেন।

এর আগে দুপুরেই রাজ্যপাল বিধানসভার উপাধ্যক্ষ আশিস বন্দ্যোপাধ্যায়কে শপথবাক্য পাঠ করানোর দায়িত্ব দিয়েছেন বলে খবর মেলে।

তবে রাজ্যপাল অধ্যক্ষকে এড়িয়ে উপাধ্যক্ষকে শপথবাক্য পাঠের দায়িত্ব দেওয়ায় নতুন করে বিতর্ক তৈরি হয়। বিধানসভায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এবং পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় রাজ্যপালের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। অধ্যক্ষ বলেন, বিধায়কের শপথ গ্রহণ অনুষ্ঠান নিয়ে এর আগে রাজ্যপালের এমন আচরণ দেখা যায়নি। পরিষদীয় মন্ত্রী বলেন, 'রাজ্যপাল যা করেছেন তা একেবারেই প্রত্যাশিত নয়।' উল্লেখ্য, রাজভবনের তরফে জানানো হয়েছিল, নির্মল রায়কে শপথের দিনক্ষণ জানানো হয়েছে ইতিমধ্যেই। অথচ নির্মলচন্দ্রের দাবি, তিনি চিঠিটি পেয়েছেন সেই নির্ধারিত দিনের ৪৮ ঘণ্টা পর। এতে ক্ষুব্ধ হয় রাজ্য সরকার। এরপর মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্যপালকে চিঠি লেখেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। এরপর রাজ্যপাল শোভনদেবকে পাল্টা চিঠি দিয়ে জানান, শপথের দিন তিনি ঠিক করে দিয়েছিলেন, কিন্তু পরিষদীয় দপ্তরে সেই ফাইলে সই করার মতো কেউ ছিলেন না।

ভিএলটিডি-র ব্যবহারে পুলিশি জরিমানার হুঁশিয়ারি নিয়ে সরব বেসরকারি বাস মালিকেরা

শুভাশিস বিশ্বাস

কলকাতা: ২০১২ সালের ১৬ ডিসেম্বর রাতে দিল্লির ২৩ বছর বয়সী এক প্যারা মেডিক্যাল ছাত্রীকে একটি বাসের মধ্যে নির্মমভাবে গণধর্ষণ করে রাজপথে ছুড়ে ফেলে দিয়েছিল দুষ্কৃতীরা। নির্ভয়া কাণ্ডের ভয়াবহতায় শিউরে উঠেছিল দেশ। এরপরই কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সিদ্ধান্ত নেওয়া হয় সরকারি থেকে বেসরকারি সব গণপরিবহণে ব্যবহার করতে হবে ভিএলটিডি অর্থাৎ ভেহিকল লোকেশন ট্র্যাক ডিভাইস। যাতে গাড়ির গতিবিধি সম্পর্কে জানা যায়। কারণ, আর কোনও নির্ভয়া কাণ্ড ঘটুক এই দেশে তা চায়নি কেন্দ্রীয় সরকার। কেন্দ্রের এই নির্দেশের জেরে পশ্চিমবঙ্গেও প্রতিটি বাসে বসানো শুরু হয় এই ভেহিকল লোকেশন ট্র্যাক ডিভাইস। প্রথমে তা বসে সরকারি বাসে। এরপর এই ডিভাইস বসানোর কাজ শুরু হয় বেসরকারি গণপরিবহণ অর্থাৎ বেসরকারি বাসগুলোতেও।

বেসরকারি বাসে এই ডিভাইস বসানোর পর এর ন'টি বাটন রয়েছে বাসের বিভিন্ন জায়গায়। যেগুলোকে বলা হয় প্যানিক বাটন। অর্থাৎ, এই বাটনগুলোতে কেউ চাপ দিলে বাস কোথায় রয়েছে তার বিস্তারিত তথ্য পৌঁছে যায় পরিবহণ দপ্তর এবং পুলিশের কাছে। এরপরই পরিবহণ দপ্তর এবং পুলিশের থেকে শুরু হয় নজরদারির পালা। আর এরপরই শুরু হয়েছে নতুন এক সমস্যার। পুলিশ এবং পরিবহণ দপ্তরের তরফ থেকে জানানো হয়, এই ধরনের ফ্ল্যাশ মেসেজ তাদের কাছে এসে পৌঁছাচ্ছে অকারণেই। এই ঘটনায় তারা বিব্রতও বটে। এদিকে কে এই প্যানিক বাটনে চাপ দিচ্ছেন তা বোঝা সম্ভব হচ্ছে না পুলিশ বা পরিবহণ দফতরের পক্ষে। এরপরই এই ধরনের ঘটনা বন্ধ করতে প্রশাসন সিদ্ধান্ত নিতে চলেছে যে, এমন ঘটনা ঘটলে এর জন্য দায়ী করা হবে বেসরকারি বাস সংগঠনের মালিকদেরই এবং তার জন্য গুণতে হবে আর্থিক জরিমানাও। আর প্রশাসনের এই সিদ্ধান্তে সরব বেসরকারি বাস সংগঠন জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেট।

> **কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সিদ্ধান্ত নেওয়া হয় সরকারি থেকে বেসরকারি সব গণপরিবহণে ব্যবহার করতে হবে ভিএলটিডি অর্থাৎ ভেহিকল লোকেশন ট্র্যাক ডিভাইস।**

এই প্রসঙ্গে বেসরকারি বাস সংগঠনের তরফ থেকে রাজ্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে, এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার। কারণ হিসেবে জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটের সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় জানান, সরকারের নির্দেশ মতো এই ডিভাইস বাসে বসানো হয়েছে ঠিকই তবে এই ডিভাইসের প্যানিক বাটনে কারা হাত দিচ্ছে তা বোঝা কোনও ভাবেই সম্ভব নয় কোনও বাস মালিকের পক্ষে। এমনকী, পশ্চিমবঙ্গে যেহেতু গণ পরিবহণে লাইফ-লাইন এই বেসরকারি বাস তাতে প্রচুর মানুষ ওঠেন। আর এই ভিড়ের মধ্যে কে এই প্যানিক বাটনে আঙুল রাখছেন তাও বোঝা বোঝা সম্ভব নয় একজন কন্ডাক্টর বা বাস চালকের পক্ষেও। আর সেই কারণেই বেসকারি বাস সংগঠনের তরফ থেকে দাবি করা হচ্ছে যে অযথাই এক আর্থিক বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে বাস মালিকদের ওপর, যা মোটেই কাঙ্খিত নয়। এই প্রসঙ্গে বেসরকারি বাস সংগঠনের সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায়ের দাবি, এই ভিএলটিডি ববহারের ক্ষেত্রে প্রকৃত এক পরিকাঠামো গড়ে তোলা হোক। কোনও সুনির্দিষ্ট পরিকাঠামো তৈরি না করেই এই ডিভাইস বসানোর নির্দেশ এসেছে সরকারের তরফ থেকে। কলকাতা বা পশ্চিমবঙ্গের মাটিতে দিল্লির মতো কোনও নির্ভয়া কাণ্ড ঘটুক তা যেমন বেসরকারি বাস মালিকেরা চান না, ঠিক তেমনই অকারণে দোষের ভাগী করা হোক বাস মালিকেদেক তাও তাঁরা চাইছেন না। এই প্রসঙ্গে বেসরকারি বাস সংগঠনের সম্পাদক এও জানাচ্ছেন, দীর্ঘকাল ভাড়া বৃদ্ধি না করে একেই সংকটের মুখে ঠেলে দেওয়া হয়েছে বেসরকারি বাস শিল্পকে। এরপর এই ধরনের জরিমানা করার সিদ্ধান্ত 'গোদের ওপর বিষফোঁড়া'র মতো হয়ে দাঁড়াচ্ছে বেসরকারি বাস মালিকদের কাছে। শুধু তাই নয়, বেসরকারি বাস পরিবহণ শিল্প যে বর্তমানে কোমায় আচ্ছন্ন। সেখানে তাকে বাঁচানোর চেষ্টা না করে আরও সঙ্কটের মুখেই ঠেলে দেওয়া হচ্ছে।

ভিএলটিডি সম্পর্কে বলতে গিয়ে বেসরকারি বাস সংগঠনের সম্পাদক এও জানান, ফেব্রুয়ারি মাসে পরিবহণমন্ত্রী এবং সচিবের সঙ্গে আলোচনার সময় এই ডিভাইস বাসে কে বসাবে বা এর দাম সম্পর্কে জানতে চাওয়া হয়েছিল। পাশাপাশি এও জানতে চাওয়া হয়েছিল এই ডিভাইসের রক্ষণাবেক্ষণের দায়িত্বে কে থাকবে তা নিয়েও। তবে এ ব্যাপারে যে কোনও সদুত্তর পরিবহণ দপ্তরের মন্ত্রী বা সচিব সেদিন দিতে পারেননি তাও জানান তপনবাবু।

এদিকে প্রশাসনের এই সিদ্ধান্তে তপনবাবু এতটাই ক্ষুব্ধ যে তিনি এও জানান, পুজোর আগে রাজস্ব আদায়ের এক নয়া রাস্তা হয়তো এই ভাবেই খুলতে চাইছে পুলিশ প্রশাসন। কারণ ঠিক এমনই ঘটনা ঘটে সাইটেশনের ক্ষেত্রেও। কোনও বাস বা মিনিবাস সত্যিই নিয়ম লঙ্ঘন করছে কি না তা বুঝতে রাস্তায় যে ক্যামেরা লাগানো হয়েছে তার থেকে সমগ্র ঘটনা বোঝা সম্ভব নয়, এমনও দাবি তোলা হয়েছে বেসরকারি বাস সংগঠনের তরফ থেকে। তবে সে দাবি না মেনে এখনও দেওয়া হচ্ছে একের পর এক কেস। এরপর এই ভিএলটিডি-র ঘটনাও প্রায় একই বলে মনে করছেন বেসকারি বাস সংগঠনের মালিকপক্ষ। পেষাই করার যন্ত্রে ঢুকিয়ে আরও পেষাই করে যতটা অর্থ নিংড়ে বের করা সম্ভব তাই চলছে প্রশাসনের তরফ থেকে।

ডেঙ্গুতে আক্রান্ত যাদবপুর বিশ্ববিদ্যালয় হস্টেলের একাধিক আবাসিক, অফ লাইনে ক্লাসের সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ডেঙ্গুতে আক্রান্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ের হস্টেলের একাধিক আবাসিক। এই রকম এক পরিস্থিতিতে অনলাইন ক্লাস করানো যায় কিনা ভাবনা চিন্তা করছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, এমনটাই সূত্রে খবর।

এদিকে মঙ্গলবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের হস্টেলে ডেঙ্গু পরিস্থিতি সম্পর্কে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বুদ্ধদেব সাউ জানান, ইতিমধ্যেই ৮-৯ জন আবাসিক আক্রান্ত হয়েছেন। সঙ্গে এও জানান, অফলাইন ক্লাস চলতে থাকলে ডেঙ্গি আরও ছড়িয়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ডেঙ্গির প্রকোপ ছড়িয়ে পড়া রুখতে অনলাইনে ক্লাস করানো যায় কিনা তা নিয়ে চিন্তা-ভাবনা চলছে, বলেও জানান উপাচার্য। যাদবপুর বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, এখনও পর্যন্ত মোট ১২ জন পড়ুয়া ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। গত বারো ঘণ্টায় দশজন জ্বরে আক্রান্ত। এর মধ্যে ছয়জন পড়েছেন ডেঙ্গুর কবলে। সোমবার দু'জনকে হাসপাতালে ভর্তি করা হয়। হস্টেলগুলিতে পড়ুয়াদের পাশাপাশি স্টাফ কোয়ার্টার থেকেও ডেঙ্গু আক্রান্তের খবর পাওয়া যাচ্ছে। ফলে গোটা ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে বিশ্ববিদ্যালয় চত্বরে।

রাজ্যের একাধিক জেলার পাশাপাশি কলকাতাতেও বাড়ছে ডেঙ্গুর প্রকোপ। শহরের ১৬টি বোরোর মধ্যে প্রায় প্রত্যেকটি বোরো থেকেই কমবেশি আক্রান্তের খবর উঠে আসছে। এর মধ্যে ১৬ নম্বর বোরো এলাকায় ডেঙ্গি আক্রান্তের সংখ্যা চিত্র বাড়িয়েছে কলকাতা পুরসভার। ডেঙ্গু রোধে কলকাতা পুরসভায় সম্পূর্ণ ব্যর্থ বলেই অভিযোগ তুলেছে বিরোধীরা।

এদিকে স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে পাওয়া খবর অনুসারে রাজ্যে গত কয়েক সপ্তাহ ডেঙ্গুর গ্রাফ ঊর্ধ্বমুখী। সবথেকে চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে উত্তর ২৪ পরগনা, নদিয়া, মুর্শিদাবাদ, হুগলি জেলা। এমনকি, উত্তরবঙ্গের মালদাতেও ডেঙ্গু আক্রান্তের খবর পাওয়া গিয়েছে। ইতিমধ্যেই রাজ্যের সাত জেলাকে ডেঙ্গুর 'হটস্পট' হিসেবে চিহ্নিত করা হয়েছে রাজ্য স্বাস্থ্য দপ্তরের তরফে। সাত জেলার জেলাশাসককে ডেঙ্গু রোধে সবরকম ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। স্বাস্থ্য দফতর থেকে জানা গিয়েছে, গত ১ জানুয়ারি থেকে এ বছর ২৪ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে মোট ডেঙ্গু আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৩৯,৪০০ জন। সব মিলিয়ে পুজোর আগে ডেঙ্গি বাড়তি চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে রাজ্য সরকারের। স্বাস্থ্য দপ্তরের কর্মীদের ছুটি বাতিলের সিদ্ধান্তও নেওয়া হয়েছে কলকাতা পুরসভায় তরফে।

সম্পাদকীয়

চা শিল্পের শ্রমিকরা আজও আলো খোঁজে

উনিশ শতকে ভারতে চা চাষের প্রচলন হয়, চা বাগানের ইংরেজ মালিক কর্তৃক শ্রমিক নির্যাতনও শুরু হয় প্রথম থেকেই। তারা স্থানীয় জনসমাজ থেকে শ্রমিক সংগ্রহ না করে দূরের ছোটনাগপুর, বিহার, উত্তরপ্রদেশ থেকে দরিদ্র আদিবাসীদের ভুল বুঝিয়ে আড়কাঠি মারফত আনত। স্থানীয় শ্রমিকদের কাজে নেওয়ার দাবি তোলায় জনৈক অসমিয়া চা বাগানের মালিক মণিরাম দত্ত বরুয়াকে ফাঁসি দেয় (১৮৫৭)। অপর দিকে, আড়কাঠি মারফত সংগৃহীত চুক্তিবদ্ধ শ্রমিকদের বলা হত 'গিরমিটি কুলি'। শব্দটি সম্ভবত শ্রমিকদের পরিভাষায় 'এগ্রিমেন্ট'-এর অপভ্রংশ বলে মনে হয়। ১৮৫৭ সালে দক্ষিণাচরণ চট্টোপাধ্যায় রচিত চা-কর দর্পণ নাটকে চা-কুলিদের উপর শ্বেতাঙ্গ কর্তাদের অত্যাচার বিধৃত। ব্রাহ্মধর্মের প্রচারক রামকুমার বিদ্যারত্ন সরেজমিনে অসম ঘুরে এসে, চা বাগানের কুলিদের অবর্ণনীয় দুঃখ-দুর্দশা দেখে সঞ্জীবনী পত্রিকায় 'কুলীকাহিনী' প্রকাশ করেন, যা হ্যারিয়েট বিচার স্টো-র আঙ্কল টম'স ক্যাবিন-এর সমতুল্য। এই সব খবর পড়ে বাংলার জনসমাজ চা-কে বলতে শুরু করল 'কুলির রক্ত'। ১৯২১ সালে গান্ধীজি শিলচর আসেন। তাঁর অসহযোগ আন্দোলনে উদ্বুদ্ধ হয়ে, চা শ্রমিকেরা বাগান ছেড়ে বিনা অনুমতিতে ঘরে ফেরার পথ ধরেন। এ সময়ে তাঁদের মাইনে ছিল ৬ টাকা। নানা অজুহাতে কেটে নেওয়ার পর আড়াই টাকার বেশি থাকত না। অথচ, তখন চালের দাম ছিল টাকায় পাঁচ সের। চা বাগান ফেরত কুলিরা গান্ধীজির জয়ধ্বনি দিয়ে যখন চাঁদপুরের (বর্তমানে বাংলাদেশে) স্টিমার ঘাটে আসেন, ভারতীয় চাষ সমিতির প্রতিনিধি ও স্থানীয় মহকুমা শাসকের নির্দেশে সশস্ত্র গোর্খাবাহিনী রাতে গুলি চালায় (১৯২১)। অনেক চা শ্রমিক মারা যান। চা-কর (ছদ্মনাম) চা-বাগানের কাহিনী বইতে (ভূমিকা লিখেছেন সাগরময় ঘোষ) অনুযোগ করেছেন, জালিয়ানওয়ালা বাগ-এর হত্যাকাণ্ডের ঘটনা ইতিহাসে লেখা থাকে, কিন্তু চাঁদপুর-এর হত্যাকাণ্ড থাকে উপেক্ষিত। চা কুলিদের পরিস্থিতি ধরা রয়েছে লোকগানের কথাতেও। আজও চা শ্রমিকরা মজুরি, রেশন, বোনাস, স্বাস্থ্য ও শিক্ষার দাবিতে আন্দোলন করেন।

শাশ্বত কথা

মায়া

মায়া কাকে বলে জান? বাপ , মা , ভাই , ভগ্নী, স্ত্রী, পুত্র, ভাগনে, ভাইপো, ভাইঝি-এই সব আত্মীয়দের প্রতি যে টান ও ভালবাসা। দয়া মানে- সর্বভূতে ভালবাসা। জীবাত্মা-পরমাত্মার মধ্যে এক মায়া -আবরণ আছে। এই মায়া-আবরণ না সরে গেলে পরস্পরের সাক্ষাৎ হয় না। যেমন অগ্রে রাম,মধ্যে সীতা এবং পশ্চাতে লদণ। এস্থলে রাম পরমাত্মা ও লদণ জীবাত্মা স্বরূপ, মধ্যে জানকী মায়া-আবরণ হয়ে রয়েছেন। যতক্ষণ মা জানকী মধ্যে থাকেন,ততক্ষণ লদণ রামকে দেখতে পান না। মায়া দুই প্রকার- বিদ্যা এবং অবিদ্যা। তার মধ্যে বিদ্যা মায় আবার দুই প্রকার- বিবেক এবং বৈরাগ্য। এই বিদ্যা মায়া আশ্রয় করে জীব ভগবানের শরণাপন্ন হয়। আর অবিদ্যা মায়া ছয় প্রকার- কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ এবং মাৎসর্য। অবিদ্যা মায়া 'আমি' ও 'আমার' জ্ঞানে মনুষ্যদিগকে বদ্ধ করে রাখে। কিন্তু বিদ্যা মায়ার প্রকাশে জীবের অবিদ্যা একেবারে নাশ হয়ে যায়।

— শ্রীরামকৃষ্ণ

জন্মদিন

আজকের দিন

লক্ষ্মীপতি বালাজি

১৮৩৫ *জয়পুরের মহারাজা দ্বিতীয় রাম সিংয়ের জন্মদিন।*
১৯৩২ *বিশিষ্ট চলচ্চিত্র নির্দেশক-প্রযোজক যশ চোপড়ার জন্মদিন।*
১৯৮১ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় লক্ষ্মীপতি বালাজির জন্মদিন।*

বাঁকুড়া মেডিক্যাল কলেজ লাগোয়া এলাকায় যত্রতত্র জমা জল, আবর্জনার অভিযোগ

আতঙ্কে রোগীর পরিজনরা

সৈয়দ মফিজুল হোদা • বাঁকুড়া

ডেঙ্গুর আঁতুড়ঘর খোদ বাঁকুড়া মেডিক্যাল কলেজ চত্বরের আশপাশের এলাকা! রোগীর পরিজনদের দাবি, মেডিক্যাল কলেজের আশপাশের এলাকায় যত্রতত্র জমে বর্ষার জল। সর্বত্রই জমে আবর্জনার স্তুপ। সেখান থেকেই ডেঙ্গু ছড়িয়ে পড়ার আশঙ্কায় কাঁটা দূর দূরান্ত থেকে মেডিক্যাল কলেজে আসা রোগী ও রোগীর পরিজনরা। আর সেই অভিযোগকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর।

শুধু বাঁকুড়া জেলার রোগীরা নন, বিভিন্ন ধরনের অসুস্থতা নিয়ে প্রতিদিন পার্শ্ববর্তী পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পশ্চিম বর্ধমান ও পুরুলিয়া জেলা থেকে রোগীরা বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে আসেন। রোগীর সঙ্গে মেডিক্যাল কলেজে আসেন রোগীর পরিজনরাও। রাতবিরেতে হাসপাতাল চত্বরেই তাঁদের পড়ে থাকতে হয়। অভিযোগ, সেই মেডিক্যাল কলেজের আশপাশের এলাকাই এখন পরিণত হয়েছে ডেঙ্গুর আঁতুড়ঘরে। মেডিক্যাল কলেজের আশপাশের একাধিক রাস্তায় বিভিন্ন জায়গায় জমে রয়েছে বর্ষার জল। চারিদিকে জমে রয়েছে আবর্জনার স্তুপ।

রোগীর পরিজনেদের দাবি, এর জেরে হাসপাতাল চত্বরে যে ভাবে মশার উপদ্রব বেড়েছে, তাতে চিকিৎসা করাতে এসে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে পড়ার আশঙ্কা এখন তাড়া করে বেড়াচ্ছে তাঁদের। বিষয়টি নিয়ে মুখ খুলতে নারাজ হাসপাতাল কর্তৃপক্ষ। বিজেপির বিধায়কের দাবি, রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো কার্যত ভেঙে পড়েছে। এই অবস্থায় চিন্তা বাড়াচ্ছে পুরসভার গাফিলাতি। তাঁদের দাবি, পুরসভা ও রাজ্য সরকারের গাফিলাতির কারণেই রাজ্যজুড়ে ডেঙ্গুর এই বাড়বাড়ন্ত। এবার মেডিক্যাল কলেজে পরিবারের রোগীদের চিকিৎসা করাতে এসে ডেঙ্গু নিয়ে বাড়ি ফিরতে হবে রোগীর পরিজনদের।

অভিযোগ মানতে নারাজ তৃণমূল। তৃণমূলের দাবি, ডেঙ্গু নিয়ন্ত্রণে সমস্ত ধরনের সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। তারপরও কোথাও খামতি থাকলে পুরসভাকে বলে সেই কাজ করানো হবে।

প্রাথমিক বিদ্যালয়ের দাবিতে রাস্তা অবরোধ, বিক্ষোভ গ্রামের পড়ুয়াদের

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: গ্রামে প্রাথমিক বিদ্যালয়ের দাবিতে আজ সকাল থেকে রাস্তায় নেমে পথ অবরোধ করল স্কুল পড়ুয়ারা। ঘটনা বাঁকুড়ার পাত্রসায়ের ব্লকের হাসিপুকুর এলাকায়। আজ সকাল থেকে পাত্রসায়ের বিষ্ণুপুর রাস্তা অবরোধ করে বিক্ষোভে ফেটে পড়েন এলাকার পড়ুয়া ও অভিভাবকরা।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাঁকুড়ার পাত্রসায়ের ব্লকের হাসিপুকুর গ্রামে সবমিলিয়ে ৩০০ থেকে ৪০০ পরিবারের বসবাস। গ্রামে প্রাথমিক স্তরে পড়ুয়ার সংখ্যা প্রায় ২০০। অথচ এই গ্রামে কোনও প্রাথমিক বিদ্যালয় না থাকায় পড়ুয়াদের যেতে হয় ২ কিলোমিটার দূরের বালসি পশ্চিমপাড়া প্রাথমিক বিদ্যালয়ে। গ্রামবাসীদের দাবি, গ্রামের পড়ুয়াদের পাত্রসায়ের বিষ্ণুপুর রাজ্য সড়ক ধরে ওই দু' কিলোমিটার পায়ে হেঁটে বালসি পশ্চিমপাড়া প্রাথমিক বিদ্যালয়ে যেতে হয়। ফলে মাঝেমধ্যেই পড়ুয়াদের দুর্ঘটনার কবলে পড়তে হয়।

গ্রামবাসীদের অভিযোগ, গ্রামে প্রাথমিক বিদ্যালয় তৈরির দাবিতে বারবার প্রশাসন ও শিক্ষা দপ্তরে আবেদন জানিয়েও লাভ হয়নি। অগত্যা গ্রামে প্রাথমিক বিদ্যালয় তৈরির দাবিতে পড়ুয়াদের সঙ্গে নিয়ে পাত্রসায়ের বিষ্ণুপুর রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভে ফেটে পড়েন অভিভাবকরা। অবিলম্বে ওই গ্রামে প্রাথমিক বিদ্যালয় তৈরি না করা হলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন গ্রামের পড়ুয়া ও অভিভাবকরা। পাত্রসায়ের ব্লকের বিডিও নিবিড় মণ্ডল বলেন, 'এই প্রথম আমরা বিষয়টি জানলাম। ওই গ্রামে বাসিন্দাদের বিদ্যালয়ের দাবি যথোপযুক্ত হলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে আমরা বিষয়টি জানাব।'

কুড়মিদের আদিবাসী স্বীকৃতির দাবির প্রতিবাদে মহানগরীতে বিক্ষোভের ডাক দিল ফোরাম

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: কুড়মিদের আদিবাসী হিসাবে স্বীকৃতির দাবির প্রতিবাদে আগামী ২৯ সেপ্টেম্বর কলকাতার রানি রাসমণি রোডে জমায়েত ও বিক্ষোভের ডাক দিয়েছে ইউনাইটেড ফোরাম।

উল্লেখ্য, কুড়মিদের আন্দোলনের পালটা জঙ্গলমহলের জেলাগুলিতে বেশ কিছুদিন ধরেই ইউনাইটেড ফোরাম অফ অল আদিবাসী অর্গানাইজেশনের ছাতার তলায় আন্দোলন চালিয়ে আসছিল সাঁওতাল, ভূমিজ, কড়া সহ বিভিন্ন আদিবাসীদের সংগঠন। এবার সেই আন্দোলনকেই কলকাতার রাজপথে নিয়ে যাওয়ার ডাক দিল ইউনাইটেড ফোরাম। নিজেদের দাবি সম্বলিত স্মারকলিপি রাজ্যপালের হাতে তুলে দেওয়ার কথাও জানিয়েছে ফোরামের নেতৃত্ব।

আদিবাসী হিসাবে স্বীকৃতির দাবিতে বাঁকুড়া সহ জঙ্গলমহলের চার জেলায় দীর্ঘদিন ধরেই লড়াই চালিয়ে আসছে কুড়মি সমাজ। গ্রাম পঞ্চায়েতের নির্বাচনের আগে সেই আন্দোলন আরও তীব্র হয়। পুজোর মুখে গত ২০ সেপ্টেম্বর থেকে পশ্চিমের জেলাগুলিতে একাধিক জায়গায় অনির্দিষ্টকালের জন্য রেল ও পথ অবরোধের ডাক দিয়েছিলেন কুড়মিরা। হাইকোর্ট ওই আন্দোলন

বেআইনি ঘোষণা করার পর কুড়মিরা তা প্রত্যাহার করে নিলেও নিজেদের দাবিতে আগামী দিনে ফের আন্দোলনের হুঁশিয়ারি দিয়ে রেখেছেন। এই পরিস্থিতিতে পালটা কলকাতার রাজপথে নেমে রাজ্য ও কেন্দ্রের ওপর চাপ তৈরির কৌশল নিয়েছে আদিবাসীদের মিলিত মঞ্চ। ইউনাইটেড ফোরামের তরফে ওই সমাবেশে লক্ষাধিক মানুষের জমায়েতের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে।

ইউনাইটেড ফোরামের দাবি, কুড়মি ও আদিবাসীরা যে ভাবে রাজ্য সরকারের ওপর চাপ বাড়াচ্ছে, তাতে তাঁদের আশঙ্কা সিআরআই রিপোর্ট বিকৃত করা হতে পারে। আর সেই বিকৃতির কারণে কুড়মিরা আদিবাসী তকমা পেলে বঞ্চিত হতে হবে সাঁওতাল, ভূমিজ, কড়া, শবর সহ অন্যান্য আদিবাসীরা। আদিবাসীদের দাবি, কোনও পরিস্থিতিতেই তাঁরা এই চেষ্টা সফল হতে দেবেন না। সেই জন্যই এই আন্দোলনের ডাক। তবে শুধু কুড়মিদের দাবির বিরোধিতাই নয়, এর পাশাপাশি ২৯ সেপ্টেম্বরের আন্দোলন মঞ্চ থেকে কেন্দ্রের আনা ইউসিসি বিলের বিরোধিতা, অযোধ্যা পাহাড়ে টুরগা প্রকল্পর বিরোধিতা ও দেউচা পাঁচামি প্রকল্প রূপায়ণের বিরোধিতা করা হবে বলে ফোরামের তরফে জানানো হয়েছে।

ডাকঘরে এজেন্টদের বিরুদ্ধে দাপিয়ে বেড়ানোর অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: পোস্ট অফিসে কর্মীর অভাবের সুযোগ নিয়ে এজেন্টদের একটা বড় অংশ দাপিয়ে বেড়াচ্ছে বলে অভিযোগ। অনেক ক্ষেত্রে বকলমে তাঁরাই পোস্ট অফিসের কর্তা হয়ে উঠেছে বলে দাবি। আর এক্ষেত্রে পোস্ট অফিসে কর্মীরাও বেশ কিছুটা সুযোগ যেমন নিচ্ছেন, তেমনই কাজের চাপও কমিয়ে নিচ্ছেন বলে গ্রাহকদের দাবি।

বলাই বাহুল্য গ্রামীণ এলাকায় মানুষের কাছে আজও ভরসা জোগায় পোস্ট অফিস । ইদানীং আর্থিক লেনদেনের ক্ষেত্রে অনেকটাই আপডেটেড হয়েছে পোস্ট অফিসগুলি। কিন্তু দাবি, বিভিন্ন পোস্ট অফিসে গেলেই দেখা মিলবে এজেন্ট- রাজ। হাওড়া গ্রামীণ এলাকার কয়েকটি পোস্ট অফিসে গ্রাহকদের মূল অফিসে ঢুকতে এজেন্টদের একাংশ বাস্তবিক ব্যারিকেড করে রাখছেন বলে দাবি। যাতে মূল অফিসে যাওয়ার আগেই তাঁদের কাছে কাগজপত্র নিয়ে যেতে হয়।

গ্রাহকদের আরও দাবি, অনেক ক্ষেত্রে পোস্ট অফিসের ভিতরেই এজেন্টদের এমনই রমরমা হয়ে উঠেছে যে বাইরে থেকে চাকরি করতে আসা সরকারি কর্মীদের চিনতেই পারছেন না গ্রাহকরা। আর এই সিস্টেমের সুযোগ নিয়ে কখনও গোপন তথ্য ফাঁস, আবার কখনও আর্থিক প্রতারণার মতো ঘটনার শিকার হচ্ছেন গ্রাহকরা। গ্রাহকদের অধিকাংশই দাবি করছেন, পোস্ট অফিসের ভিতরে থাকা এজেন্টের সরিয়ে দিতে হবে।

প্রসঙ্গত, গত কয়েকদিন আগে হাওড়ার শতাব্দী প্রাচীন মুগকল্যাণ পোস্ট অফিসে পোস্ট মাস্টারকে ঘিরে বিতর্কের সৃষ্টি হয়। যদিও ওই পোস্ট মাস্টারের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন গ্রাহকরা। খাজুননানে বাড়ি ষাটোর্ধ্ব বেনু মোহন পাত্র নামের এক গ্রাহক জানান, এক দল এজেন্ট ও একদল কর্মচারীর যোগসাজশে সরাসরি পরিষেবা পেতে হয়রান হতে হচ্ছে গ্রাহকদের। এর বিরুদ্ধে দাঁড়ানোয় চক্রান্ত করা হয়েছে। বিষয়টি নিয়ে পোষ্ট মাস্টার বলেন, 'আমি কোনও মন্তব্য করতে রাজি নই। বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ যা অর্ডার করবেন তাকে বাস্তবায়িত করাই আমার কাজ।'

উল্লেখ্য মাত্র তিন মাস আগে পোষ্ট অফিসে জয়েন করেন তিনি। তার মধ্যেই বিতর্ক। আর এতেই 'ডাল মে কুছ কালা হ্যায়' বলেই মনে করছেন গ্রাহকরাই। জানা গিয়েছে, এই মুহূর্তে পোস্ট অফিসগুলিতে যে ঘুঘুর বাসা তৈরির অভিযোগ উঠেছে, তার তদন্ত দাবি করে আন্দোলনে নামতে চলেছেন গ্রাহকরা।

বিদ্যাসাগর জাতীয় শিক্ষক সম্মান পেলেন চিন্ময় দাস

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: মঙ্গলবার ২৬ সেপ্টেম্বর, পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মদিন। সারা রাজ্যজুড়ে এই দিনে পালিত হয় জাতীয় শিক্ষক দিবস।

'বাংলা পক্ষ' ভারতের বাঙালি জাতীয় সংগঠনের পক্ষ থেকে ২৪টি সাংগঠনিক জেলায় মহা সমারহে পালিত হয় জাতীয় শিক্ষক দিবস। এই দিন পূর্ব বর্ধমান জেলায় পাহাড়হাটি গোলাপমনি উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিভাগের সম্মানীয় শিক্ষক চিন্ময় দাসকে 'বিদ্যাসাগর জাতীয় শিক্ষক সম্মান-১৪৩০' তুলে দেওয়া হয়। পূর্ব বর্ধমান বাংলা পক্ষ সংগঠনিক জেলার পক্ষ থেকে। চিন্ময়বাবু তাঁর শিক্ষক জীবনে অর্থের অভাবে পড়াশোনা যাতে বন্ধ না হয়ে যায় তাঁর জন্য বহু ছাত্রছাত্রীদের পাশে দাঁড়িয়েছেন।

তাঁর এই কর্মের কারণে ছাত্রছাত্রীদের কাছে হয়ে উঠেছেন স্কলারশিপ স্যার। তাঁর বক্তব্য, তিনি যে কাজটি করে আসছেন, তা প্রতিটি শিক্ষকের মৌলিক কর্তব্য। প্রতিটি শিক্ষক যদি একজন দুঃস্থ ছাত্রছাত্রীদের পাশে দাঁড়ান এবং তাঁদের দায়িত্ব নেন, তা হলে অর্থের অভাবে কোনও ছাত্রছাত্রীর পড়াশোনা বন্ধ হবে না। তারা সকলে তাদের পড়াশোনা চালিয়ে যেতে পারবে এবং এতে সমাজের মঙ্গল হবে। তিনি প্রত্যেকটি শিক্ষক-শিক্ষিকাদের নিকট এই আবেদন করেছেন। তাঁর সাহায্যে অনেক ছাত্র ছাত্রী আজকের সমাজে শিক্ষক, চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইএএস, আইপিএস অফিসার হয়েছেন।

পূর্ব বর্ধমান বাংলা পক্ষের সম্পাদক অসিত সাহা বলেন, 'তিনি আমাদের আদর্শ শিক্ষক। তাঁর এই কাজকে সমাজের সামনে তুলে ধরাই একমাত্র আমাদের লক্ষ্য। আমাদের সমাজের ছাত্রছাত্রী থেকে শিক্ষক, সকলের আদর্শ হয়ে উঠুক স্কলারশিপ স্যার।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান বাংলা পক্ষ সংগঠনের জেলা সম্পাদক অসিত সাহা, জেলা কমিটির সদস্য সুলতান সরকার ও জেলা সংগঠনের কর্মীরা।

দু'দিনের অজানা জ্বরে মৃত্যু মহিলার

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: দু'দিনের জ্বরে মৃত্যু হল এক মহিলার। মৃত মহিলার নাম মৌসুমী সরকার বয়স আনুমানিক ৪৫ বছর। প্রতিবেশীদের দাবি, ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃত্যু হয় ওই মহিলার। যদিও হাসপাতালে সুপারের দাবি, জ্বরের উপসর্গ নিয়ে ভর্তি হয়েছিলেন হাসপাতালে। যদিও জ্বর হলেও ওই মহিলার ডেঙ্গু আক্রান্তের পরীক্ষা করা হয়নি বলে জানা গিয়েছে হাসপাতাল সূত্রে। প্রতিবেশীদের কাছ থেকে জানা যায়, ওই মহিলার বিয়ে হয় নদিয়ার চাকদহ এলাকায়। বাবার বাড়ি শান্তিপুর রামকৃষ্ণ কলোনির রামনাথ তর্করত্ন রোড এলাকায়। গত দু'দিন আগে জ্বর নিয়ে বাবার বাড়িতে আসেন ওই মহিলা, এরপর শান্তিপুর হাসপাতালে ভর্তি হন। গতকাল রাতে অবস্থার অবনতি হলে ওই মহিলাকে অন্যত্র স্থানান্তর করেন চিকিৎসকরা। যদিও রাস্তাতেই মৃত্যু হয় মহিলার। আজ সকালে মৃতদেহটি শেষকৃত্যের জন্য নিয়ে যাওয়া হয় নদিয়ার চাক দহের মহিলার শ্বশুরবাড়িতে। এই ঘটনায় নতুন করে আতঙ্ক সৃষ্টি হয়েছে মৃত মহিলার বাপের বাড়ি এলাকার প্রতিবেশীদের মধ্যে। স্থানীয়দের দাবি, মাত্র দু'দিনের জ্বরে কী করে একজন মহিলার মৃত্যু হয়, ওই মহিলা অবশ্যই ডেঙ্গু আক্রান্ত হয়েছিলেন, আর তাই মৃত্যু হয় তাঁর।

স্বরূপনগরে চাষজমিতে উদ্ধার এক যুবতীর দেহ

নিজস্ব প্রতিবেদন, স্বরূপনগর: এক যুবতীর হাত-পা বাঁধা, গলাকাটা দগ্ধ দেহ উদ্ধার হল উত্তর ২৪ পরগনার স্বরূপনগরে। জায়গাটি ভারত-বাংলাদেশ সীমান্ত লাগোয়া, স্বরূপনগরের গোবিন্দপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত। গুণরাজপুর গ্রামে মঙ্গলবার ভোরে চাষের জমির মধ্যে থেকে দেহটি উদ্ধার করে পুলিশ। সঙ্গে একটি পিঠের ব্যাগও উদ্ধার হয়েছে। মৃতার পরিচয় জানা না গেলেও প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান মৃতের বয়স ২১-২২ বছর, বাংলাদেশ থেকে সীমান্ত পার করে এদেশে এনে খুন করা হয়েছে তাঁকে। আন্তর্জাতিক সীমান্ত থেকে এক কিলোমিটারের মধ্যে একটি চাষের মধ্যে থেকে দেহটি উদ্ধার হওয়াতে সীমান্ত রক্ষীবাহিনী নজরদারি নিয়েও প্রশ্ন উঠছে। দেহটি উদ্ধার করে স্বরূপনগর থানার পুলিশ বসিরহাট পুলিশ মর্গে পাঠিয়েছে ময়নাতদন্তের জন্য। জমির মালিকের নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে একটি খুনের মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ।

জানা গিয়েছে, মঙ্গলবার সকালে স্থানীয় এক মহিলা মাঠে গিয়ে দেহটি পড়ে থাকতে দেখেন। তিনিই অন্যদের খবর দেন। এলাকাবাসী মনে করছেন, দুষ্কৃতীরা লাঠি ঢুকিয়ে পিঠমোড়া করে হাত, পা বেঁধে তার গলার নলি কেটে খুন করেছে। জায়গাটি রক্তে ভেসে গিয়েছে। খুনের আগে তার ওপরে শারিরীক নির্যাতনও করা হয়েছে বলে দাবি স্থানীয়দের। খুনিরা প্রমাণ লোপাটের উদ্দেশ্যে মেয়েটির মুখে আগুন ধরিয়ে দেয় বলেই অনুমান। ভোরের দিকেও সেখান থেকে ধোঁয়া ওঠায় প্রাথমিক অনুমান ভোররাতেই ঘটনাটি ঘটানো হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে স্বরূপনগর থানার পুলিশ আধিকারিক সহ অন্যান্য উচ্চপদস্থ কর্তারা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া ব্যাগের মধ্যে একটি চশমার বাক্স ছিল। সেই বাক্সের ঠিকানা বাংলাদেশের ফরিদপুরের। ফলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে রাতে অন্ধকারে যুবতীকে সীমান্ত পার করে এদেশে এনে পাচারকারীরা খুন করেছে। সেক্ষেত্রে প্রশ্ন উঠছে সীমান্ত রক্ষীবাহিনীর নজর এড়িয়ে কি করে সীমান্ত পারাপার করলো যুবতী।

স্কুটিতে লরির ধাক্কা, মৃত্যু হল শিক্ষিকার

নিজস্ব প্রতিবেদন, হুগলি: একটি পণ্যবাহী লরির ধাক্কায় মৃত্যু হল এক স্কুল শিক্ষিকার। হুগলির পুরশুড়ার সামন্ত রোড এলাকায় এই ঘটনায় এলাকায় শোরগোল পড়ে যায়। পুলিশ জানিয়েছে, ওই মৃতা শিক্ষিকার নাম টিঙ্কু মালিক (৩০)। তাঁর বাড়ি সামন্ত রোড এলাকায়। প্রতিদিনের মতো এদিনও তিনি রসুলপুর ভিকে প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছিলেন স্কুটি করে। স্থানীয় সূত্রের খবর, সামন্ত রোড থেকে রসুলপুরের দিকে যাচ্ছিলেন ওই শিক্ষিকা। তখন একটি পণ্যবাহী লরি শিক্ষিকার স্কুটিতে ধাক্কা মারে। তাতে তিনি ছিটকে পড়েন। ঘটনার পরেই তড়িঘড়ি পুরশুড়া থানার পুলিশ ও স্থানীয় মানুষজন তাঁকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে আরামবাগ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। ঘটনায় অন্যান্য শিক্ষিকারা কান্নায় ভেঙে পড়েন। মৃতার সহকর্মী এক শিক্ষিকা জানান, খুবই দুঃখজনক ঘটনা। ভাবা যায় না। শিক্ষিকা হিসাবে দায়িত্বের সঙ্গে উনি কাজ করতেন। গৌরি মাঝি নামে আর একজন সহকারী শিক্ষিকা বলেন, 'স্কুল টাইমেই আমরা যাচ্ছিলাম। উনি একটু এগিয়ে গিয়েছিলেন। স্কুটি করে যাচ্ছিলেন। হঠাৎ দেখি রাস্তার ধারে লোকজন জড়ো হয়ে আছে। ওঁকে দেখেই হতভম্ব হয়ে যাই। হাসপাতালে নিয়ে আসা হয়। কিন্তু শেষ রক্ষা হয়নি।

যুনিয়ন बैंक ऑफ इंडिया Union Bank of India
भारत सरकार का उपक्रम A Government of India Undertaking
आन्ध्रा Andhra কার্পোরেশন Corporation
(A Govt. of India Undertaking)

রিজিওনাল অফিস : দুর্গাপুর

বেঙ্গল অম্বুজা, ইউসিপি - ২৩, সিটি সেন্টার
দুর্গাপুর, পিন - ৭১৩ ২১৬
টেলি : ০৩৪৩-২৫৪৩৯২২

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন নোটিস

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ -এর রুল ৮(৬) শর্তাধীনে অধীনে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রয় নোটিস।

এতদ্দ্বারা সাধারণভাবে জনসাধারণ ও বিশেষভাবে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)-কে নোটিস জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত স্থাবর সম্পত্তিসমূহ যা সুরক্ষিত ক্রেডিটর -এর কাছে মর্টগেজ / চার্জ করা আছে তার বাস্তবিক /প্রতীকী দখল নিয়েছেন ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক সুরক্ষিত, ক্রেডিটর হিসাবে, সেইসকল সম্পত্তিসমূহ "যেখানে যা আছে", "যেখানে যা কিছু আছে", "সেখানে যা কিছু আছে" ভিত্তিতে আগামী **১৩.১০.২০২৩** তারিখ @ **সকাল ১১.০০টা থেকে দুপুর ০১.০০টা** বিক্রয় করা হবে নিম্নবর্ণিত অর্থাঙ্ক উদ্ধারের জন্য সংশ্লিষ্ট অ্যাকাউন্টসমূহ হতে যা ঋণগ্রহীতাগণ এবং জামিনদারগণের কাছ থেকে **ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়া** সুরক্ষিত ক্রেডিটরের পাওনা রয়েছে নিম্নলিখিত সুরক্ষিত ক্রেডিটর এবং জামিনদারগণের নিজ নিজ পাওনা। প্রতিটি সুরক্ষিত সম্পত্তির সাথে সংশ্লিষ্ট সংরক্ষিত মূল্য এবং বায়না রাশি জমার অর্থাঙ্ক উল্লেখ করা আছে। ওয়েব পোর্টালের দেওয়া ই-অকশন প্ল্যাটফর্ম থেকে নিম্নস্বাক্ষরকারীর মাধ্যমে বিক্রয় সংঘটিত হবে। প্রতিটি সম্পত্তির জন্য বিড বর্ধিত মূল্য হবে **১০,০০০/- টাকা**। বিক্রয়ের বিশদ নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট **www.mstcecommerce.com** এবং **www.unionbankofindia.co.in** - দেওয়া লিংক দেখুন।

অকশনের তারিখ ও সময় : ১৩.১০.২০২৩ @ সকাল ১১.০০টা থেকে দুপুর ০১.০০টা

বিড/ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ : ১২.১০.২০২৩, বিকাল ৫.০০টা পর্যন্ত

ইএমডি জমা দেওয়ার পদ্ধতি : বিডার তার এমএসটিসি ওয়ালেটে তার ইএমডি অর্থাঙ্ক জমা করবেন

ক্র. নং	ঋণগ্রহীতার নাম, শাখা, সম্পত্তির বিবরণ এবং বন্ধকদাতা	১. সংরক্ষিত মূল্য ২. বায়না অর্থ জমা (ইএমডি) অকশনের তারিখ ও সময়- ১৩.১০.২০২৩ সকাল ১১.০০টা থেকে দুপুর ০১.০০টা। বিড/ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ - ১২.১০.২০২৩	মোট বকেয়া ২০.০৮.২০২৩ অনুযায়ী (সহ অ্যাকাউন্ট বন্ধ হওয়া পর্যন্ত তদুপরি সুদ এবং খরচ)	ক. দ্বায়বদ্ধতা খ. দখলের অবস্থা
১.	**ঋণগ্রহীতার নাম : বাবা লোকনাথ এন্টারপ্রাইজ** **শাখা- বাঁকুড়া (৬০৮৪০)** **সম্পত্তি** - জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল মৌজা -ডেমুরারি, গোপিনাথপুর, জেএল নং- ২০৫, থানা ও জেলা-বাঁকুড়া, ওয়ার্ড নং- ৫, বাঁকুড়া পৌরসভার অধীনে, আরএস খতিয়ান নং- ১২৩৯, এল.আর. খতিয়ান নং- ৭৪৯৭, আর.এস. প্লট নং- ২৬৪/১৪৯৫, এলআর প্লট নং- ৪৫৫৬ এলাকা ০.০২৮ একর শ্রী তন্ময় নন্দীর নামে। সীমানা: উত্তর- শ্রী অরুণ কুন্ডুর বাড়ি, দক্ষিণ- রেলওয়ের স্থান, পূর্ব- শ্রী অশ্বিনী ঠক্কর এর বাড়িও সংযুক্ত প্যাসেজ মিউনিসিপ্যাল রোড, পশ্চিমে- পৌর ড্রেন। **যোগাযোগ ব্যক্তি: অরিজিৎ মুখার্জি: ৭৯০৮২৯০৯৫৯**	১. ১৬,৪৬,০০০.০০ টাকা ২. ১,৬৪,৬০০.০০ টাকা	৯,৯৪,৬২৩.০০ টাকা (নয় লক্ষ চুরানব্বই হাজার ছয়শত তেইশ টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
২.	**ঋণগ্রহীতার নাম : আশিস কুমার মাল** **শাখা-সিউড়ি** **সম্পত্তি** - জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যা মৌজা চাতরা -তে অবস্থিত, জেএল নং- ৭৭, আরএস খতিয়ান নং-১০৬৭, এলআর খতিয়ান নং- ৫১, খতিয়ান নং- ১৫৩, দাগ/ প্লট নং- ৫২১, কোমা গ্রাম পঞ্চায়েতের অধীনে, পোস্ট- চাঙ্গুরিয়া, থানা- সিউড়ি, জেলা- বীরভূমে ০৪ শতক পরিমাপের আশিস কুমার মালের নামে । **যোগাযোগ ব্যক্তি : সৌমিক পারুয়া : ৯৭৪৮৮০৬৬২১**	১. ৭,০৫,০০০.০০ টাকা ২. ৭০,৫০০.০০ টাকা	৮,৮৯,৯৯৮.০০ টাকা (আট লক্ষ উননব্বই হাজার নয়শত আটানব্বই টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৩.	**ঋণগ্রহীতার নাম : মেসার্স আনন্দ ট্রেডারস** **শাখা: পুলিশ লাইন বর্ধমান** **সম্পত্তি:** (আধা শহুরে) কাঞ্চননগর মৌজায় অবস্থিত জমি সম্পত্তি, জেএল নং ২৬, আরএস খতিয়ান নং ৯৪, ২১৩, ৪৪৬, ৬০৭, ১০১৮, ১৬০২, এলআর. খতিয়ান নং ২৭৬৪, আর.এস. প্লট নং ২৩০৬/পি, এলআর. প্লট নং ৪৫৭৮, হোল্ডিং নং ১১৪/১, মন্তেশ্বরতলা, কাঞ্চননগর, বর্ধমান পৌরসভা, ওয়ার্ড নং ২৪, পোস্ট. - কাঞ্চননগর, থানা - বর্ধমান, জেলা- বর্ধমান, পশ্চিমবঙ্গ। শ্রী শুভজিৎ পুতনন্দীর মালিকানাধীন সম্পত্তি, সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর- ১২ ফুট, পৌরসভা রোড, দক্ষিণ - ত্রিদেব মন্ডলের জমি, পূর্ব - ত্রিদেব মন্ডল, পশ্চিম- কমল দাসের জমি; বন্ধকদাতা- শ্রী শুভজিৎ পুতনন্দী। **যোগাযোগের ব্যক্তি- শ্রী সঞ্জয় এস. টুডু - মোঃ- ৭৯০৫৯ ৫৫৮৬৯**	১. ৪৪,৩০,৭০০.০০ টাকা ২. ৪,৪৩,০৭০.০০ টাকা	৫৬,৯০,৪৭১.০০ টাকা (ছাপ্পান্ন লক্ষ নব্বই হাজার চারশত একাত্তর টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৪.	**ঋণগ্রহীতার নাম : শ্রী অনিমেষ মুখার্জি,** **শাখা: পুলিশ লাইন বর্ধমান** **সম্পত্তি:** জমি সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল কাস্ট-কুরম্বা -তে, কাস্ট-কুরম্বা বাস স্ট্যান্ডের কাছে অবস্থিত, মৌজা - শিয়ালদহ, জেএল নং ১২৬-এ অবস্থিত, এল.আর. খতিয়ান নং ২৭১, প্লট নং ৩৩৫ বান্দুল ২ গ্রাম পঞ্চায়েত অধীনে, পোস্ট অফিস - কাস্টো-কুরম্বা, থানা- বর্ধমান, জেলা - বর্ধমান (পূর্ব), পশ্চিম বর্ধমান, পিন- ৭১৩১২৬। **যোগাযোগের ব্যক্তি- শ্রী সঞ্জয় এস. টুডু - মোঃ- ৭৯০৫৯ ৫৫৮৬৯**	১. ৪১,৩৬,০০০.০০ টাকা ২. ৪,১৩,৬০০.০০ টাকা	২৫,২৬,৬৪৮.০০ টাকা (পঁচিশ লক্ষ ছাব্বিশ হাজার ছ'শো আটচল্লিশ টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৫.	**ঋণগ্রহীতার নাম : বাপি এন্টারপ্রাইজ** **শাখা-মোহনপুর** **সম্পত্তি**- মৌজাও গ্রাম হারবাটি, জেএল নং ০৯, পরগনা উখরা, খতিয়ান নং- ১৪৯ এবং ৩৬, পার্চা হিসাবে খতিয়ান নং- ৩১৭, দাগ নং- ২৮, মারিচা গ্রাম পঞ্চায়েতের অধীনে, পোঃ- মাসুন্দা, থানা- আমডাঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা এ জমি সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল পরিমাপ- ২২ ডেসিমেল, **বাপি মণ্ডলের নামে। চতুর্দিক পরিবেষ্টিত-** উত্তর-রঞ্জন মণ্ডলের খালি জমি,দক্ষিণ-৭ফুট চওড়া কংক্রিটের রাস্তা, পূর্ব- রামজান মণ্ডলের বাড়ি,পশ্চিম-শ্রী মতিলাল সূত্রধরের খালি জমি দ্বারা, বাপি মন্ডলের নামে। **যোগাযোগের ব্যক্তি- রীতেশ দাস : ৯০৫১৫৮৭৮৭৯।**	১. ১৫,১৬,০০০.০০ টাকা ২. ১,৫১,৬০০.০০ টাকা	১৩,৭৮,০৬২.০০ টাকা (তেরো লক্ষ আটাত্তর হাজার বাষট্টি টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৬.	**ঋণগ্রহীতার নাম : বুলা রানী সাহা** **শাখা- রামপুরহাট** **সম্পত্তি** - জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল এবং দ্বিতল আবাসিক কাম গোডাউন বিল্ডিং যা ১) বুলারানি সাহা, স্বামী-বিশ্বনাথ সাহা এবং ২) শ্রী সন্তোষ কুমার মন্ডল, পিতা- শ্রী করুণা সিন্ধু মন্ডল এর মালিকানায়, মৌজা কালিসারায়, জেএল নং-১০৮, খতিয়ান নং-৩৭৮,৬৫৯,৭৫৪,৩২৫,৩৮৪,৭২৫, এলআর খতিয়ান নং -১৬৮৩, প্লট নং ৩০৫/৯০৬,ওয়ার্ড নং-০৮, হোল্ডিং নং- ৬৬৩/৮জি, রামপুরহাট পৌরসভার অধীনে, থানা- রামপুরহাট জেলা- বীরভূম জমির এলাকা ২ শতক। পরিবেষ্টিত: উত্তর- অন্যদের বাড়ি, দক্ষিণ- এনামুল হকের বাড়ি, পূর্ব- সড়ক, পশ্চিম- বিকাশের বাড়ি এবং অন্যান্য। **যোগাযোগ ব্যক্তি: কেএসপি সিনহা: ৯১২৩০৬৬৯০৪**	১. ১৫,৮৯,০০০.০০ টাকা ২. ১,৫৮,৯০০.০০ টাকা	৭,৯৮,৮৫০.০০ টাকা (সাত লক্ষ আটানব্বই হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৭.	**ঋণগ্রহীতার নাম : বর্ধমান কনস্ট্রাকশন** **শাখা- পুলিশ লাইন, বর্ধমান** **সম্পত্তি**- এখানে অবস্থিত জমি ও বিল্ডিং সমন্বিত সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল মৌজা- রায়ান, এলআর খতিয়ান নং- ৬২৯৫, আরএস প্লট নং- ৩৯০/১৬৪১ আরএস খতিয়ান নং- ১৪৭২, জেএল নং- ৬৮, জমির পরিমাপ ০.৫ কাঠা, গ্রাম- বিজয়রাম ক্যানেলপাড়, রায়ান ১ নং গ্রাম পঞ্চায়েতের অধীনে, পোস্ট- বাজেপ্রতাপপুর শ্রী অরুণ রায়ের মালিকানায়। সম্পত্তির সীমানা- উত্তর- কাদের সেখ-এর বাড়ি, দক্ষিণ- রফিক খানের বাড়ি, পূর্ব- টুম্পা বিবির বাড়ি, পশ্চিম- ৮ ফুট রোড এবং খাল। **যোগাযোগ ব্যক্তি- শ্রী সঞ্জয় এস টুডু-৭৯০৫৯৫৫৮৬৯**	১. ১১,০৪,০০০.০০ টাকা ২. ১,১০,৪০০.০০ টাকা	১৩,৫৫,৪২৪.০০ টাকা (তেরো লক্ষ পঞ্চান্ন হাজার চারশত চব্বিশ টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৮.	**ঋণগ্রহীতার নাম : মেসার্স দীপ হার্ডওয়্যার** **শাখা: পুলিশ লাইন বর্ধমান** **সম্পত্তি** : মৃত মোনোয়ার হোসেন এবং মৃত সেলিমা বেগম -এর নামে ১.৫ কাঠা পরিমাপের জমি ও ভবন, হুতুদেয়ান পিরতলা, পীরতলা মসজিদের কাছে, মৌজা - রায়ান, জেএল নং ৬৮, এলআর. খতিয়ান নং ৩৬৮৯ ও ৭৩২৪, প্লট নং ২০৭৬/৩৮৪৭, এল.আর. প্লট নং ২০৭৬/৩৮৪৭, রায়ান ১ নং গ্রাম পঞ্চায়েতের অধীনে, পোস্ট - বাজেরতাপপুর, থানা - বর্ধমান, জেলা - বর্ধমান (পূর্ব), পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩১০১। **যোগাযোগের ব্যক্তি- শ্রী সঞ্জয় এস. টুডু - ৭৯০৫৯ ৫৫৮৬৯**	১. ২৮,৬০,০০০.০০ টাকা ২. ২,৮৬,০০০.০০ টাকা	৪৩,৮৮,০৫৭.০০ টাকা (তেতাল্লিশ লক্ষ অষ্টআশি হাজার সাতান্ন টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
৯.	**ঋণগ্রহীতার নাম : মেসার্স এভারগ্রীন কৃষি ভান্ডার** **শাখা: পুলিশ লাইন বর্ধমান** **সম্পত্তি:** ০.২৫ একর পরিমাপের জমি এবং বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার জেএল নং ১১৯, এলার খতিয়ান নং ২৯৯৯, আর.এস. এবং এল.আর. প্লট নং ৮১৯২, মৌজা - সাঁকো, জেলা - পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩ ১৪১ -এ অবস্থিত। এবং এটি চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর - উদ্দিন মাস্টারের সম্পত্তি, দক্ষিণ - সেখ বাদাই এর সম্পত্তি, পূর্ব - মালিকদের জমি, পশ্চিম - সেখ কাজল এর সম্পত্তি। **যোগাযোগের ব্যক্তি: শ্রী সঞ্জয় এস. টুডু - ৭৯০৫৯ ৫৫৮৬৯।**	১. ৫০,৫৬,০০০.০০ টাকা ২. ৫,০৫,৬০০.০০ টাকা	৫৪,৪৮,৬৮৮.০০ টাকা (চুয়ান্ন লাখ আটচল্লিশ হাজার ছ'শো অষ্টআশি টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১০.	**ঋণগ্রহীতার নাম : গোলাম মোস্তফা** **শাখা-জাহাননগর** **সম্পত্তি**- জমি এবং বিল্ডিং এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, জেএল নং ১১০, এলআর খতিয়ান নং ১১১৯, এলআর প্লট নং - ৭১৩,৭১৫ এবং ৭১৬ উপ খ. নং- ১৪৭৪, মৌজা- খেতপুর পালসি, অগ্রদ্বীপ গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা- কাটোয়া জেলা- বর্ধমান **গোলাম মোস্তফার মালিকানাধীন। সম্পত্তির সীমানা**- উত্তর- মালিকের প্লট, দক্ষিণ- ১এসটিডি বিল্ডিং সাদিক আলী ও সাদিহানি মল্লিক, পূর্ব- রাস্তা ১৫ফুট প্রশস্ত, পশ্চিম- পুকুর দ্বারা। **যোগাযোগের ব্যক্তি- শ্রী অতীশ রঞ্জন- ৮৩৯০৮২৪৯৪১**	১. ১১,৬৮,০০০.০০ টাকা ২. ১,১৬,৮০০.০০ টাকা	৬,৫১,৬০৯.০০ টাকা (ছয় লক্ষ একান্ন হাজার ছয়শত নয় টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১১.	**ঋণগ্রহীতার নাম : হক এন্টারপ্রাইজ** **শাখা-আঁখোনা** **সম্পত্তি** - মৌজা চাকতা, জেএল নং- ২, খ নং- ১২৬১, এলআর প্লট নং- ২৫৯২, এলআর খ.নং. -২৪০০, আঁখোনা গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা কেতুগ্রাম। **আজিজুল হকের নামে** ২ শতক (প্রায়) পরিমাপের জমি ও বিদ্যমান এক তলা বাড়ির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। **সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত**- উত্তর- হাসনা বিবির খোলা জমি, দক্ষিণ- মালিক অন্য প্লটের খোলা জমি, পূর্ব- পঞ্চায়েত রোড, পশ্চিম- মালিক প্লটের খোলা জমি দ্বারা। **যোগাযোগের ব্যক্তি- সুদীপ রায় : ৮৩৩৬৯১৮১৭৫**	১. ৫,০৪,০০০.০০ টাকা ২. ৫০,৪০০.০০ টাকা	৯,৩৭,৬২২.০০ টাকা (নয় লক্ষ সাঁইত্রিশ হাজার ছয়শত বাইশ টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১২.	**ঋণগ্রহীতার নাম : জয়ন্ত বণিক** **শাখা- দুর্গাপুর (০৫৭৬২)** **সম্পত্তি** - এখানকার সম্পত্তির মধ্যে শ্রীমতী মীরা বনিক এর মালিকানাধীন জমি এবং ভবনের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল রয়েছেযার প্লট নং- ১৫৭০, খতিয়ান নং-৩৬০, জেএল নং-৬৮, মৌজা-ভিরিঙ্গি, থানা-দুর্গাপুর, জেলা বর্ধমান। পরিমাপ ৪.২ কাঠা। **মীরা রানী বণিকের নামে, সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত-** উত্তর- ১৬ ফুট রাস্তা, পূর্ব- ১১ফুট রাস্তা, পশ্চিম- বিদ্যমান ভবন, দক্ষিণ- বিদ্যমান ভবন। **যোগাযোগের ব্যক্তি- প্রবীন কুমার : ৮০৫১০০০৩২৬**	১. ৭৩,২৮,০০০.০০ টাকা ২. ৭,৩২,৮০০.০০ টাকা	৪৮,৭৬,৬১৫.০০ টাকা (আটচল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত পনেরো টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১৩.	**ঋণগ্রহীতার নাম : মেসার্স কে. কে. এন্টারপ্রাইজ** **শাখা: আসানসোল (০৬৮৯২)** **সম্পত্তি: নির্মলা দেবী, অভিষেক কুমার বার্নওয়াল, আশিস কুমার বার্নওয়াল, প্রিয়াঙ্কা বার্নওয়াল -এর** নামে জমি এবং ভবনের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার হোল্ডিং নং ৬(৭), আব্দুল লতিফ লেন, ১৩ নং ওয়ার্ড, আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশনের মধ্যে, আসানসোল পৌরসভা মৌজার অধীনে, জেএল. নং ২০, থানা-আসানসোল(এস), সিএস খ নং ৪১৪৯, সিএস প্লট নং ৬৩৯৭, আরএস খ. নং ১৫১২৪, আরএস প্লট নং ২৪১৩১, ২৪১৩২৩। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর - বিজয় বার্নওয়ালের বাড়ি, দক্ষিণ - বিজয় শর্মার বাড়ি, পূর্ব - বিজয় শর্মা এবং অন্যান্যদের বাড়ি, পশ্চিম , ১২ ফুট প্রশস্ত আব্দুল লতিফ লেন দ্বারা। **যোগাযোগের ব্যক্তি: অবিনাশ কুমার : ৮৮৩৮২৩৮১৮০**	১. ৪১,১০,০০০.০০ টাকা ২. ৪,১১,০০০.০০ টাকা	৩৫,৩৮,৮৯৭.০০ টাকা (পঁয়ত্রিশ লক্ষ আটত্রিশ হাজার আটশত সাতানব্বই টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১৪.	**ঋণগ্রহীতার নাম : মীর হাসনাত আলী** **শাখা- খাসপুর পীরতলা** **সম্পত্তি** - মীর হাসনাত আলী এবং মিসেস রেশমি বেগমের মালিকানাধীন সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল পরিমাপ ৬.৫ শতক, মৌজা-আর্গুনে অবস্থিত, পোস্ট- পাকুড়হাঁস, থানা- কেতুগ্রাম, জেলা- বর্ধমান বিয়ারিং জেএল নং-৪৪, খতিয়ান নং -৭২১,এলআর খতিয়ান নং-১৩১৫ও ১৩১৬, প্লট নং-১২৩৩, এলআর প্লট নং-১৩৪৮। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর- পুকুর, দক্ষিণ- রাস্তা, পূর্ব- আবু বক্করের দ্বিতীয় এসটিডি বল্ডিং, পশ্চিম- বাসু সেখের মাটির বাড়ি। **যোগাযোগ ব্যক্তি: ধ্রুবজ্যোতি সাইকিয়া: ৯৮৬৪৩৬২০৬৪**	১. ৪৬,২৯,০০০.০০ টাকা ২. ৪,৬২,৯০০.০০ টাকা	৯,৭০,৯৮৭.০০ টাকা (নয় লক্ষ সত্তর হাজার নয়শত সাতাশি টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১৫.	**ঋণগ্রহীতার নাম : নির্সা রিফ্র্যাক্টরি এন্ড সিরামিক ওয়ার্কস** **শাখা-আসানসোল (০৭১৩১)** **সম্পত্তি** - আরএস প্লট নং ১২০৩,১২০৫,১২০৫/১৮৬৫, আরএস খতিয়ান নং- ১৪০০৬,১০৮১০,১২১৩২, জেএল নং ২০, মৌজা-আসানসোল পৌরসভা, 'সানন্দা এপার্টমেন্ট' ২য় তল, ফ্ল্যাট নং-২, ওয়ার্ড নং- ০৬ (পুরাতন) ও ৫০ (নতুন), জেলা-পশ্চিম বর্ধমানে সংশ্লিষ্ট সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। এলাকা ১১০০ বর্গফুট **সুভাষ চন্দ্র গুরু এবং শ্রীমতী অঞ্জনা গুরুর নামে, পরিবেষ্টিত-** (ফ্ল্যাটের সীমানা আমাদের কাছে বন্ধক রাখা) উত্তর- অন্যদের ফ্ল্যাট, দক্ষিণ- অন্যদের ফ্ল্যাট, পূর্ব- কমন প্যাসেজ এবং সিঁড়ি কেস লিফট দ্বারা, পশ্চিম- খালি জায়গা দ্বারা। (সানন্দা অ্যাপার্টমেন্টের সীমানা)। উত্তর- অন্যের সম্পত্তি, দক্ষিণ- অন্যের সম্পত্তি, পূর্ব- অন্যের সম্পত্তি, পশ্চিম- জিটি রোড পর্যন্ত ১৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ। **যোগাযোগের ব্যক্তি- বিনোদ দাস - ৮২৯৪৬৪৬০৮৪**	১. ৩৬,৪৭,০০০.০০ টাকা ২. ৩,৬৪,৭০০.০০ টাকা	৫৫,৬৮,৩৯৩.০০ টাকা (পঞ্চান্ন লক্ষ আটষট্টি হাজার তিনশত তিরানব্বই টাকা মাত্র)	ক. শূন্য খ. প্রতীকী দখল
১৬.	**ঋণগ্রহীতার নাম : প্রথম কুমার ঝা** **শাখা: আসানসোল (০৭১৩১)** **সম্পত্তি:** বিজয় ভবনে আবাসিক ৪র্থ তলায় আবাসিক ফ্ল্যাট নং ৩০২ এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল এবং টু হুইলার পার্কিং সহ, যা পুরানহাট মেইন রোডে অবস্থিত, পোস্ট - বার্নপুর, থানা- হীরাপুর, হোল্ডিং নং ৫৪১/২৫, ওয়ার্ড নং ৯৫, জেএল নং ২১, আসানসোল পৌরসভা কর্পোরেশনের অধীনে, জেলা - পশ্চিম বর্ধমান, সিএস প্লট নং ২২৪১, আরএস প্লট নং ৪২৬৪, সিএস খতিয়ান নং ৩৩৫, আরএস খতিয়ান নং ২৮২২, মৌজা - নরসিবান্ধ -তে অবস্থিত, পরিমাপ ৭৯০ বর্গফুট। চতুর্দিক পরিবেষ্টিত: পূর্ব - কালু খানের বাড়ি, পশ্চিম- উৎপল সাহার বাড়ি, উত্তর - ধবলেন্দু ভট্টাচার্যের বাড়ি, দক্ষিণ - পূর্ণহাট মেইন রোড দ্বারা। **যোগাযোগের ব্যক্তি : বিনোদ দাস - ৮২৯৪৬৪৬০৮৪**	১. ১৫,৩৮,০০০.০০ টাকা ২. ১,৫৩,৮০০.০০ টাকা	১৫,৮৮,৬৮৫.০০ টাকা (পনেরো লাখ অষ্টআশি হাজার ছ'শো পঁচাশি টাকা মাত্র)	ক. শূন্য খ. বাস্তবিক দখল
১৭.	**ঋণগ্রহীতার নাম : রঘুনাথ হেমব্রম** **শাখা- বর্ধমান পৌরসভা** **সম্পত্তি** - রঘুনাথ হেমব্রমের মালিকানাধীন সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, মৌজা-নারী, জেএল নং- ৭০, এলআর খতিয়ান নং- ১২৯৩১ এবং ১২৯৩২, আরএস খতিয়ান নং- ২৮৭, আরএস প্লট নং- ২০৮৭, এলআর প্লট নং- ৩১৪৫, রায়ান ১ নং গ্রাম পঞ্চায়েতের অধীনে নারী চারাবাগান এ, পোস্ট- বর্ধমান, জেলা- বর্ধমান পূর্ব। পরিমাপ- ২.১৫ কাঠা (কমবেশি)। চতুর্দিক পরিবেষ্টিত: উত্তর- ৮ ফুট প্রশস্ত প্যাসেজ রোড, দক্ষিণ- জনাব সাহাজাহানের বাড়ি, পূর্ব- অশোক প্রসাদের বাড়ি, পশ্চিম- অন্যান্যদের বাড়ি ও আইসিডিএস স্কুলের বাড়ি। **যোগাযোগ ব্যক্তি : শুভজিৎ মল্লিক : ৭০৯১২৫৩৮৯০**	১. ৪৭,৭০,০০০.০০ টাকা ২. ৪,৭৭,০০০.০০ টাকা	৩৭,৬১,২০৬.০০ টাকা (সাঁইত্রিশ লক্ষ একষট্টি হাজার দুইশত ছয় টাকা মাত্র)	ক. শূন্য খ. বাস্তবিক দখল
